পাট ও বস্ত্র মন্ত্রণালয়/বিভাগের আওতায় ২০১৩-১৪ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সার-সংক্ষেপ

ক্রঃনং	মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পর ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১)	পাট ও বস্ত্র মন্ত্রণালয়	৩	৩	০	০	৩	০	২২০%-২৪০%	০	৮০%-৩৬১%
২)	ডাক ও টেলি যোগাযোগ বিভাগ	০	০	০	০	০	০	০	০	০

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ৩টি

২। সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মেয়াদকালঃ সংশ্লিষ্ট প্রকল্প প্রতিবেদনে প্রকল্পভিত্তিক প্রকৃত ব্যয় ও মেয়াদকাল দেয়া হয়েছে।

৩। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

- মূল প্রকল্প নেয়ার পর সময়ে সময়ে নতুন অঙ্গ অন্তর্ভুক্ত করে প্রকল্প সংশোধন করা;
- ভূমি পাওয়ার বিষয়টি নিশ্চিত না হয়েই প্রকল্পের স্থান নির্ধারণ করা হয়েছে ফলে ভূমি না পেয়ে নতুন স্থান নির্ধারণ করার পর ভূমি অধিগ্রহণ করে প্রকল্প বাস্তবায়ন করা;
- প্রকল্প দলিল প্রণয়নকালে ব্যয় প্রাক্কলন এবং কার্যক্রমসমুহের জন্য ক্রিটিক্যাল পাথ অনুসরণ করে নির্ধারণ না করা;

৪। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যা	সুপারিশ
৪.১ প্রকল্প দলিল প্রণয়নকালে ব্যয় প্রাক্কলন এবং কার্যক্রমসমুহের জন্য ক্রিটিক্যাল পাথ অনুসরণ করে নির্ধারণ না করা;	৪.১ প্রকল্প দলিল প্রণয়নকালে ব্যয় প্রাক্কলন এবং কার্যক্রমসমুহের জন্য ক্রিটিক্যাল পাথ অনুসরণ করে নির্ধারণ করতে হবে;
৪.২ ভূমি পাওয়ার বিষয়টি নিশ্চিত না হয়েই প্রকল্পের স্থান নির্ধারণ করা হয়েছে ফলে ভূমি না পেয়ে নতুন স্থান নির্ধারণ করার পর ভূমি অধিগ্রহণ করে প্রকল্প বাস্তবায়ন করা;	৪.২ ভূমি পাওয়ার বিষয়টি নিশ্চিত হয়ে প্রকল্পের স্থান নির্ধারণ করতে হবে;
৪.৩ প্রকল্পের কারিগরি দিক সম্পর্কে প্রকল্প পরিচালকের সম্যক ধারণা না থাকায় যন্ত্রপাতির সাথে সামঞ্জস্য রেখে ভবনসমূহ নির্মিত না হওয়া;	৪.৩ প্রকল্পের কারিগরি দিক সম্পর্কে সম্যক জ্ঞান আছে এমন ব্যক্তিকে প্রকল্প পরিচালক হিসের নিযোগ প্রদান করতে হবে;
৪.৪ প্রকল্প সাইটে প্রকল্প সংশ্লিষ্ট সকল নথি সংরক্ষণ করা হয় না।	৪.৪ প্রকল্প সাইটে প্রকল্প সংশ্লিষ্ট সকল নথি সংরক্ষণ করতে হবে।

১০টি টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট স্থাপন (৩য় সংশোধিত)
প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্তঃ জুন, ২০১৪)

১। প্রকল্পের নাম : ১০টি টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট স্থাপন (৩য় সংশোধিত)।

২। প্রকল্পের অবস্থান : (১) মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ; (২) কালিহাতি, টাংগাইল; (৩) কিশোরগঞ্জ সদর, কিশোরগঞ্জ ; (৪) ফরিদপুর সদর, ফরিদপুর ; (৫) গাইবান্ধা সদর , গাইবান্ধা; (৬) চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ; (৭) নওগাঁ সদর, নওগাঁ; (৮) শাহজাদপুর, সিরাজগঞ্জ ; (৯) নোয়াখালী সদর , নোয়াখালী ; এবং (১০) রামু, কক্সবাজার ।

৩। বাস্তবায়নকারী সংস্থা : বস্ত্র পরিদপ্তর।

৪। প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ : বস্ত্র ও পাট মন্ত্রণালয়।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের%)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ (৩য়) সংশোধিত		মূল	সর্বশেষ (৩য়) সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২৪৫০.০০	৭৩০৬.০০	৬৯৬১.৭১ (-)	জানুয়ারী ২০০৬ থেকে জুন ২০০৮ (৩০ মাস)	জানুয়ারী, ২০০৬ হতে ডিসেম্বর ২০১৪	জানুয়ারী, ২০০৬ হতে জুন, ২০১৪ (১০২মাস)	৪৫১১.৭১ লক্ষ টাকা (১৮৪%)	৬ বছর (২৪০.০০%)

* মূল প্রাক্কলিত ব্যয় অপেক্ষা প্রকৃত ব্যয় ৪৫১১.৭১ লক্ষ টাকা (১৮৪%) বেশী এবং মূল বাস্তবায়নকাল অপেক্ষা প্রকৃত বাস্তবায়নকাল ৬ বছর (২৪০.০০%) বেশী ।

৬। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়নঃ

বস্ত্র ও পাট মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন অনুযায়ী প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ	পরিমান/একক	সর্বশেষ সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব (%)
	(ক) রাজস্ব ব্যয়					
	জনবল	জন	১২৪১.১৪	১৫১	১২২২.৪৮	১৪১ (৯৩.৩৭)
	প্রশিক্ষণ	জন	২১.৩১	৩৮০	২০.৩৯	৩৭১ (৯৭.৬৩)
	বইপত্র ও সমায়িকী	-	২৩.০০		১৭.১৮	(৭৪.৬৯)
	অফিস ভাড়া	-	৮৯.০০		৮৭.০৮	(৯৭.৮৪)
	রিভলভিং ফান্ড	L/S	১০.০০		১০.০০	(১০০)
	বৃত্তি ও মিল ট্রেনিং		১০৮.৭৩	৮৮৫০		৮,৮৫০ (১০০%)
	অন্যান্য ব্যয়	-	১৯৯.৭০		১৯৭.৩৩	(৯৮.৮১)
	মেরমত ও রক্ষণাবেক্ষণ	-	২১.৩২		২১.২৬	(১০০)
	উপ মোট রাজস্ব		১৭১৪.২০		**১৬৮৪.৪১**	
	(খ) মূলধন ব্যয়					

	ভূমি অধিগ্রহণ	একর	৩৮৯.২৫	১২.২৯	৩৮৮.৮০	১২.২৯ (১০০)
	নির্মাণ ও পূর্ত	বঃমিঃ	৪৪৩৪.৮৬	১৪৫৪৫	৪৪০৯.৮৫	১৪,৫৪৫ (১০০)
	আসবাবপত্র	সংখ্যা	১৫৯.০৭	৩৩১২টি	১৩৯.২৯	৩,৩১২ (১০০)
	যন্ত্রপাতি	সংখ্যা	৩৬০.০০	৪১৭ টি	৩৩৯.৩৬	৪১৭ (১০০)
	(খ) মোট মূলধন ব্যয়		৫৩৪৩.১৮		৫২৭৭.৩০	
	গ) ফিজিক্যাল কন্টিজেন্সী		১৪১.১৪		০.০০	
	ঘ) প্রাইজ কন্টিজেন্সী		১০৭.৪৮		০.০০	
	সর্বমোট (ক+খ+গ+ঘ) =		**৭,৩০৬.০০**		**৬,৯৬১.৭১**	

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ :

সংস্থা এবং সরেজমিন পরিদর্শন হতে প্রাপ্ত তথ্য বিশ্লেষণে প্রতীয়মান হয় যে প্রকল্পের অধীনে কোন কাজ অসমাপ্ত নেই।

৮। সাধারণ পর্যবেক্ষণ :

৮.১। প্রকল্পের পটভূমি : সরকারের উন্নয়ন কর্মসূচির অন্যতম প্রধান লক্ষ্য দারিদ্র বিমোচন। ২০১৫ সালের মধ্যে দারিদ্রের মাত্রা হ্রাস করার লক্ষ্যে সরকার বস্ত্র শিল্প বিকাশের উদ্যোগ গ্রহণ করে। দেশে বর্তমানে বস্ত্র দপ্তর নিয়ন্ত্রিত ৩০টি টেক্সটাইল ভোকেশনাল ইনষ্টিটিউট রয়েছে। তবে গার্মেন্টস খাতের ক্রমবর্ধমান চাহিদার প্রেক্ষিতে বস্ত্র মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির ২৭তম সভায় দেশের প্রতিটি জেলায় একটি করে টেক্সটাইল ভোকেশনাল ইনষ্টিটিউট স্থাপনের সুপারিশ করা হয়। এ প্রেক্ষিতে ২০০২ সালে ১ম পর্যায়ে ২০টি টেক্সটাইল ভোকেশনাল ইনষ্টিটিউট স্থাপনের প্রস্তাব করা হলে ২০-০৯-২০০৩ তারিখে অনুষ্ঠিত একনেক সভার সুপারিশ মোতাবেক ২০টির পরিবর্তে ১০টি টেক্সটাইল ভোকেশনাল ইনষ্টিটিউট স্থাপনের লক্ষ্যে ডিপিপি প্রণয়ন করে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৮.২। প্রকল্পের উদ্দেশ্যঃ

- দশটি জেলায় টেক্সটাইল ভোকেশনাল কোর্স চালুকরণ;
- বস্ত্র শিল্পের (বিশেষ করে গার্মেন্টস শিল্পের) ফ্লোর লেভেল দক্ষ জনশক্তি সৃষ্টি করা;
- দেশের বেকার যুব-গোষ্ঠীর আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;
- দারিদ্র বিমোচন ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন; এবং
- স্থায়ীভাবে দশটি টেক্সটাইল ভোকেশনাল ইনষ্টিটিউট স্থাপন।

৮.৩। প্রকল্প অনুমোদনঃ

মূল প্রকল্পটি ২৪৫০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী ২০০৬ হতে জুন ২০০৮ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে মাননীয় অর্থ ও পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ০২/০১/২০০৬ তারিখে অনুমোদিত হয় । পরবর্তীতে নির্মাণ সামগ্রীর ব্যয় বৃদ্ধি পাওয়ায় পিউব্লিউডি'র বর্ধিত রেট শিডিউল অনুযায়ী প্রকল্পটির ব্যয় ২৬৯০.০০ লক্ষ টাকা প্রাক্কলন করে জানুয়ারী ২০০৬ হতে ডিসেম্বর ২০০৯ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটি র ১ম সংশোধন প্রস্তাব বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় উপদেষ্টা কর্তৃক অনুমোদিত হয়। এরপর প্রকল্পের পূর্ত কাজের নির্মাণ ব্যয় রেট শিডিউল ২০০৮ অনুযায়ী যুক্তিযুক্তকরণ, ভূমি অধিগ্রহণে বিলম্ব ও ব্যয় বৃদ্ধি, পূর্ত নির্মাণের ব্যয় বৃদ্ধি, প্রশিক্ষণে ট্রেড সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি, আসবাবপত্রের পরিমাণ বৃদ্ধি ইত্যাদি কারণে গত ৩১/০৮/২০১০ তারিখে একনেক কর্তৃক প্রকল্পটির ২য় সংশোধনী প্রস্তাব অনুমোদ লাভ করে । ২য় সংশোধিত প্রকল্পের ব্যয় ৬২১১.০০ লক্ষ টাকা এবং বাস্তবায়ন মেয়াদ জানুয়ারী ২০০৬ হতে ডিসেম্বর ২০১২ পর্যন্ত নির্ধারিত হয় | পরবর্তীতে পিডব্লিউডি'র শিডিউল রেট বৃদ্ধি (২০০৮ এর পরিবর্তে ২০১১ কার্যকর হওয়া) প্লিন্থ এরিয়া বৃদ্ধি, পূর্ত কাজের পরিমাণ ও ব্যয় বৃদ্ধি, ভূমি অধিগ্রহণ সম্পন্ন না হওয়া, ইলেকট্রিক লাইন স্থানান্তর না হওয়া প্রভৃতি কারণে প্রকল্পটির ৩য় সংশোধিত ডিপিপি গত ২২/০১/২০১৩ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। ৩য় সংশোধিত প্রকল্পের ব্যয় দাড়ায় ৭৩০৬.০০ লক্ষ টাকা যার বাস্তবায়ন মেয়াদ

জানুয়ারি ২০০৬ হতে জুন ২০১৪ পর্যন্ত নির্ধারণ করা হয়। সর্বশেষ গত ১১/০২/২০১৪ তারিখে বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি (ডিপিইসি) সভার সুপারিশক্রমে কর্মকর্তা-কর্মচারীর ভাতা, প্রশিক্ষণ, যানবাহন, ভূমি অধিগ্রহণ, নির্মাণ কাজ, ভূমি উন্নয়ন ইত্যাদি অঙ্গের মধ্যে অন্ত:খাত সমন্বয় করা হয়।

৮.৪ প্রকল্প পরিচালকঃ

ক্রঃ নং	নাম ও পদবী	পূর্ণ কালীন	খন্ড কালীন	একের অধিক প্রকল্পের দায়িত্বে নিয়োজিত কিনা	প্রকল্প পরিচালকদেক দায়িত্ব কাল
১	জনাব শফিক আলম মেহেদী উপ সচিব	–	অতিরিক্ত দায়িত্ব	-	২৪/০১/২০০৬ হতে ১৫/০৬/২০০৬
২	জনাব মোঃ আতাউল হক উপ সচিব	–	অতিরিক্ত দায়িত্ব	-	১৫/০৬/২০০৬ হতে ১০/০৮/২০০৬
৩	জনাব এস.এম মো: আবদুল বাতেন উপ-সচিব	–	অতিরিক্ত দায়িত্ব	-	১০/০৮/২০০৬ হতে ১৭/১০/২০০৭
৪	জনাব মোঃ আতাউল হক উপ সচিব	–	অতিরিক্ত দায়িত্ব	-	১৭/১০/২০০৭ হতে ১৩/১১/২০০৭
৫	জনাব মো: সিরাজ উদ্দিন মিয়া যুগ্ম-সচিব	–	অতিরিক্ত দায়িত্ব	-	১৩/১১/২০০৭ হতে ১৬/০২/২০০৯
৬	শেখ মো: মোবারক হোসেন যুগ্ম-সচিব	–	অতিরিক্ত দায়িত্ব	-	১৬/০২/২০০৯ হতে ০১/০৪/২০০৯
৭	জনাব মো: মোফাজ্জল হোসেন অধ্যক্ষ	–	অতিরিক্ত দায়িত্ব	-	২৮/০৪/২০০৯ হতে ৩/০৬/২০০৯
৮	এ এইচ এম সামছুজ্জামান উপ-সচিব	পূর্ণ কালীন	-	-	০৪/০১/২০১০ হতে ০৬/০৮/২০১২
৯	জনাব মোঃ খুরশীদ ইকবাল রিজভী উপ সচিব	পূর্ণ কালীন	-	-	০৭/০৮/২০১২ হতে৩০/০৬/২০১৪

৯। প্রকল্পে আর্থিক ও বাস্তব অগ্রগতি:

বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) অনুযায়ী প্রকল্পটির আর্থিক অগ্রগতি ৬৯৬১.৭১ লক্ষ টাকা (৯৫.২৮ শতাংশ) এবং বাস্তব অগ্রগতি ৯৯ শতাংশ।

(লক্ষ টাকায়)

অর্থ বছর	**সর্বশেষ সংশোধিত পিপিতে সংস্থান**	**মূল/সংশোধিত এডিপি বরাদ্দ**	**অবমুক্তকৃত টাকা**	**আর্থিক ব্যয়**	**অব্যয়িত অর্থ**	বছর ভিত্তিক বাস্তব অগ্রগতি**(%)**
১	২	২	৪	৫	৬	৭
২০০৫-০৬	১৮.৪৪	২৪.০০	২৪.০০	১৮.৪৩	৫.৫৭	১
২০০৬-০৭	৩০৫.৬০	৫০০.০০	৫০০.০০	৩০৫.৬০	১৯৪.৪০	৩
২০০৭-০৮	৫০৪.০০	৫০০.০০	৫০০.০০	২৬০.৭২	২৩৯.২৮	৭
২০০৮-০৯	৪৯২.৭৬	৫০০.০০	৫০০.০০	৪৯২.৭৬	৭.২৪	৮
২০০৯-১০	১০০৪.১২	১০২০.০০	১০২০.০০	১০০৪.১২	১৫.৮৮	১০
২০১০-১১	১১৭০.৩৫	১২০০.৪৫	১২০০.৪৫	১১৭৮.৮০	২১.৬৫	১৫
২০১১-১২	১২০৩.৩৮	১৬৩০.০০	১৬৩০.০০	১৩২৫.৮৭	৩০৪.১৩	১৭
২০১২-১৩	১৩৩২.৬১	১৩২১.০০	১৩২১.০০	১৩১২.৯৩	৮.০৭	১৮
২০১৩-১৪	১২৭৪.৭৪	১১৪০.০০	১১৪০.০০	১০৬২.৪৮	৭৭.৫২	২০
মোট =	**৭৩০৬.০০**	**৭৮৩৫.৪৫**	**৭৮৩৫.৪৫**	**৬৯৬১.৭১**	**৮৭৩.৭৪**	**৯৯.০০**

উপরোক্ত টেবিল এর ৬নং কলামে উল্লিখিত অব্যয়িত অর্থের বিষয়ে প্রকল্প পরিচালক জানান, অব্যয়িত অর্থ এজি অফিস হতে ছাড় করানো হয়না । সুতরাং তা জমা দেয়ার প্রশ্ন নেই । তবে বছর শেষে সরকারী কোষাগারে জমা প্রদানের বিষয়ে এজি অফিসকে প্রকল্প পরিচালক কর্তৃক নির্দেশনা দেয়া হয় বলে তিনি জানান । উক্ত নির্দেশনার কপি সরবরাহ করতে বলা হলে প্রকল্প পরিচালক তা সরবরাহ করেননি ।

১০। প্রকল্প পরিদর্শন ও বাস্তবায়ন পর্যবেক্ষণ :

১০.১ প্রকল্পের টাঙ্গাইল অংশ পরিদর্শন :

''১০টি টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট স্থাপন (৩য় সংশোধিত)'' শীর্ষক প্রকল্পের আওতায় টাঙ্গাইল জেলার কালিহাতি উপজেলায় বাস্তবায়িত অংশ গত ০১-০২ এপ্রিল ২০১৫ সরেজমিন পরিদর্শন করা হয় । পরিদর্শনকালে টেক্সটাইল ভোকেশনাল ইনষ্টিটিউট এর সুপার, পিউব্লিউডি 'র নির্বাহী প্রকৌশলীসহ অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। পরিদর্শনে প্রাপ্ত প্রকল্প বাস্তবায়নের চিত্র নিম্নরুপ :

১০.১.১ গণপূর্ত বিভাগ কর্তৃক বাস্তবায়িত পূর্তকাজসমূহ :

ক) প্রশাসনিক ভবন নির্মাণ: প্রশাসনিক কাম একাডেমিক ভবন নির্মাণের জন্য আরডিপিতে ৩১৪.৮৩ লক্ষ টাকা ব্যয় প্রাক্কলন করা হয়েছিল। গণপূর্ত বিভাগ কর্তৃক মোট ৩১৪.৭০ লক্ষ টাকা ব্যয়ে উক্ত প্রশাসনিক কাম একাডেমিক ভবন নির্মাণ করা হয়েছে। সরেজমিন পরিদর্শনকালে দেখা যায় যে, ভবনটির কাজ যথাযথভাবে সম্পন্ন হয়েছে। ভবনের কক্ষসমূহের নির্মাণ কাজ ও এর ফিনিশিং ভালভাবেই সম্পন্ন হয়েছে । তবে ভবনটির সামনের দিকের একটি অংশের রং নষ্ট হয়ে কালো হয়ে গিয়েছে ।

খ) ভূমি উন্নয়ন: ভূমি উন্নয়ন খাতে আরডিপিপিতে বরাদ্দকৃত ৬০.০০ লক্ষ টাকার বিপরীতে ৪৫.০০ লক্ষ টাকা ব্যায়ে ভূমি উন্নয়ন করা হয়েছে ।

গ) বিদ্যুতায়ন: বিদ্যুতায়ন খাতে ১৭.৫০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৫.৩০ লক্ষ টাকা ব্যয়ে ৫০ কেভিএ বিদ্যুৎ ট্রান্সফরমার স্থাপনসহ অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা হয় । এ ছাড়া এ টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট এ ৯ ৯টি সিলিং ফ্যান, ২৪০ টি টিউব লাইট সহ মোট ২৪০টি বিভিন্ন লাইট, ৯৯ টি থ্রি পিন ছকেট এবং প্রয়োজনীয় অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জাম স্থাপন করা হয়েছে।

ঘ) পয়: প্রনালী ও গভীর নলকুপ স্থাপন: ১৭.০০ লক্ষ টাকা ব্যয়ে পয়: প্রনালী ও গভীর নলকূপ স্থাপন করা হয়েছে।

ঙ) সীমানা প্রাচীর: সীমানা প্রাচীর নির্মাণের জন্য আরডিপিপিতে ৫২.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪৫.০০ লক্ষ টাকা ব্যয়ে প্রায় ১৮ ফুট উচ্চতা বিশিষ্ট প্রায় ১০০০ ফুট দীর্ঘ সীমানা প্রাচীর নির্মাণ করা হয়েছে।

চ) ড্রেন নির্মাণ: আরডিপিপিতে বরাদ্দ ৪.০০ লক্ষ টাকা । এর মধ্যে ১.৫০ লক্ষ টাকা ব্যয়ে ড্রেন নির্মাণ করা হয়েছে।

ছ) জলাধার নির্মাণ: বৃষ্টির পানি ধরে রাখা ও তা ব্যবহারের জন্য ১০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৩.০২ লক্ষ টাকা ব্যয়ে ১০,০০০ গ্যালন ধারণ ক্ষমতাসম্পন্ন জলাধার নির্মাণ করা হয়েছে।

জ) সৌর বিদ্যুৎ প্যানেল: এ খাতে আরডিপিতে বরাদ্দ ছিল ৯.৫০ লক্ষ টাকা, এর মধ্যে ৯.০০ লক্ষ টাকা ব্যয়ে ১০০ ওয়াট ক্ষমতা সম্পন্ন সৌর বিদ্যুৎ প্যানেল নির্মাণ করা হয় । তবে পরিদর্শনকালে জানা যায় গত কয়েকমাস ধরে এটি অকার্যকর অবস্থায় রয়েছে। ব্যাটারীতে সমস্যার কারণে এটি নষ্ট হয়ে থাকতে পারে বলে গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী জানান।

ঝ) বৃক্ষ রোপন : আরডিপিপিতে বরাদ্দ ১.০০ লক্ষ টাকা ব্যয় করে বৃক্ষ রোপন করা হয়েছে বলে কর্মকর্তাগণ জানান। তবে পরিদর্শনকালে দেখা যায়, ভোকেশনাল ইনস্টিটিউট ক্যাম্পাসে পর্যাপ্ত পরিমাণ গাছ নেই।

ঞ) এমএস গেট : গেট নির্মাণের জন্য বরাদ্দকৃত ৪.৫০ লক্ষ টাকা ব্যয়ে একটি প্রধান গেট নির্মাণ করা হয়েছে।

ট) অভ্যন্তরীণ রাস্তা : অভ্যন্তরীন রাস্তা নির্মাণের জন্য বরাদ্দকৃত ৯.০০ লক্ষ টাকাই এ খাতে ব্যয় করা হয়েছে।

১০.১.২ মেশিন ও যন্ত্রপাতি :

আলোচ্য প্রকল্প হতে বিভিন্ন যন্ত্রপাতি ও শিক্ষা উপকরণ টাংগাইলের কালিহাতিতে নির্মিত ভোকেশনাল ইনস্টিটিউটে প্রদান করা হয়েছে । এর মধ্যে উল্লেখ্যযোগ্য হচ্ছে :

ক) ডাইং সেকশন: পরিদর্শনকালে দেখা যায়, ডাইং শেড এ ব্যবহারের জন্য ওয়াশিং মেশিন (০১টি), উইঞ্চ ডাইং মেশিন (১টি), মিনি জিগার ডাইং (১টি), ব্লক প্রিন্টিং মেশিন (১টি) ইত্যাদি যন্ত্রপাতি প্রদান করা হয়েছে। তবে ওয়াশিং মেশিনটি (২০১২ সালে প্রদত্ত) নষ্ট হয়ে গেছে যা স্টোরে রাখা হয়েছে ।

খ) কম্পিউটার সেকশন: কম্পিউটার সেকশনের এর জন্য পেন্টিয়াম-২ কনফিগারেশনের ফিলিপস্ ব্রান্ডের ৪টি ডেস্কটপ কম্পিউটার (টেবিলসহ), ডট প্রিন্টার (টেবিলসহ), ইউপিএস, ডুপ্লিকেটিং মেশিন ইত্যাদি প্রদান করা হয়েছে। এর মধ্যে ডট প্রিন্টার ও ইউপিএস ইতোমধ্যে নষ্ট হয়ে গেছে। একটি কম্পিউটার ও নষ্ট অবস্থায় পাওয়া গেছে। ইনস্টিটিউটের সুপারিনটেনডেন্ট জানান কম্পিউটারগুলো ২০০৭ সালে প্রদান করা হয়েছিল, তাই অনেকদিন ব্যবহৃত হওয়ায় তা নষ্ট হয়ে থাকতে পারে।

গ) নিটিং সেকশন : নিটিং শেড এ ব্যবহারের জন্য ফ্লাট বেড নিটিং (২টি) ও ডায়াল লিংকিং (১টি) প্রদান করা হয়েছে।

ঘ) গার্মেন্টস সেকশন : ইন্ডষ্টিয়াল সুইং (পাওয়ার) (৩টি), সুইং মেশিন (হাত ও পা চালিত) (৬টি), ওভারলক মেশিন (৪টি), এমব্রয়ডারী মেশিন (৩টি), বাটন হোল মেশিন (১টি), বাটন স্টিচ মেশিন (১টি), স্ট্রেইট নাইফ (১টি), কাটিং মেশিন (১টি), আলমারী (১টি) ইত্যাদি প্রদান করা হয়েছে।

ঙ) উইভিং সেকশন: এর জন্য হান্ডলুম (২টি), পাওয়ার লুম (১টি), ওয়াপিং ড্রাম (১টি), চড়কা (১টি), ব্যালেন্স ওয়েট মেশিন (১টি), টুইস্ট টেস্টার (১টি), ব্যাপ রিল (১টি) ইত্যাদি প্রদান করা হয়েছে।

চ) ল্যাবরেটরী: ল্যাবরেটরীতে ব্যবহারের জন্য ল্যাবরেটরী উইভিং মেশিন প্রদান করা হয়েছে ২০০৮ সালে। এটি ভারতের তৈরী ।

১০.১.৩। টাংগাইল অংশের পর্যবেক্ষণ :

(১) টুইস্ট টেস্টার, ডিজিটাল ব্যালেন্স ও ব্যাপ রিল মেশিন এ তিনটি বিএমটিএফ কর্তৃক সরবরাহকরা হয়েছে। কিন্তু উক্ত ৩টি মেশিনই ভারতের তৈরী।

(২) কাটিং মিশিন, বাটন স্টিচ মেশিন ও বাটন হোল মেশিন বাংলাদেশ মেশিন টুলস্ ফ্যাক্টরী (বিএমটিএফ) কর্তৃক সরবরাহ করা হয়েছে বলে জানা যায় কিন্তু এ ৩টি মেশিনই চীনের তৈরী।

(৩) গণপূর্ত বিভাগ হতে গুরুত্বপূর্ণ এ প্রশাসনিক কাম একাডেমিক ভবনটি বুঝে নেয়ার জন্য গণপূর্ত বিভাগের উপ-সহকারী প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত পত্রের মাধ্যমে সম্পন্ন হয়। এ বিষয়ে নির্বাহী প্রকৌশলীর কাছে তার মতামত জানতে চাইলে তিনি বলেন বিষয়টি যথাযথ হয়নি। হস্তান্তর প্রত্রটি নির্বাহী প্রকৌশলীর কর্তৃক প্রতিস্বাক্ষরিত হওয়া উচিত ছিল বলে তিনি জানান।

(৪) অভ্যন্তরীণ ও বহি: বিদ্যুতায়ন কাজ ও বৈদ্যুতিক যাবতীয় সরঞ্জাম পুংখানুপুংখানভাবে বুঝিয়ে দেয়ার কথা থাকলেও গণপূর্ত বিভাগ তা যথাযথভাবে করেনি। বিদ্যুতায়ন ও বৈদ্যুতিক সরঞ্জাম হস্থান্তর পত্রে কোন বৈদ্যুতিক সরঞ্জাম যেমন ফ্যান, লাইট, সকেট ইত্যাদির সংখ্যা উল্লেখ করা হয়নি যা পরবর্তীতে সংশোধন করে দিয়েছে বলে জানা যায় । এছাড়া এ সকল উপকরণাদি হস্তান্তর পত্রটিও একজন উপ-সহকারী প্রকৌশলী কর্তৃক প্রদান করা হয়েছে যা যথাযথ হয়নি।

১০.২। প্রকল্পের ফরিদপুর অংশ পরিদর্শন :

'১০টি টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট স্থাপন (৩য় সংশোধিত)' শীর্ষক প্রকল্পের আওতায় ফরিদপুর জেলায় বাস্তবায়িত কার্যক্রমসমূহ গত ১৭-১৮ এপ্রিল ২০১৫ সরেজমিন পরিদর্শন করা হয়। এখানে যে সকল কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে তা নিম্নরুপ :

১০.২.১। পূর্ত কাজ : পূর্তকাজের মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ অঙ্গ হচ্ছে ৪ তলা ফাউন্ডেশন বিশিষ্ট দোতলা ভবন নির্মাণ, সীমানা প্রাচীর নির্মাণ, ভূমি উন্নয়ন, এপ্রোচ রোডনির্মাণ, জলাধার, সৌর প্যানেল স্থাপন, অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ, বিদ্যুতায়ন, প্রধান গেট নির্মাণ ইত্যাদি কাজ সম্পন্ন করা হয়েছে।

১০.২.২। মেশিনারীজ ও ইকুইপমেন্ট : প্রকল্পের আওতায় ওয়াশিং মেশিন, উইঞ্চ ডাইং মেশিন, মিনি জিগার ডাইং, প্রিন্টিং ব্লক প্রিন্টিং, সুইং মিশিন, ওভারলক এমব্রয়ডারী মেশিন, বাটন হোল মেশিন, সাটন স্টিচ মেশিন, কাটিং মেশিন, সেমি অটোমেটিক লুম, পাওয়ার লুম, ওয়ার্পিং ড্রাম, রেপরিল, টুইস্ট টেষ্টার, ব্যালেন্স, ডুপ্লিকেটিং মেশিন, কম্পিউটার, প্রিন্টার ইত্যাদ সরবরাহ করা হয়েছে।

১০.২.৩। শিক্ষা কার্যক্রম : ফরিদপুর অংশে দুই বছর মেয়াদী এসএসসি টেক্সটাইল ভোকেশনাল কোর্সসহ মৌলিক কোর্সসমূহ চালু রয়েছে। চারটি ট্রেড (যেমন: ড্রেস মেকিং, ডাই ; প্রিন্টিং এন্ড ফিনিশিং, উইভিং এবং প্রিন্টিং) এ কারিগরি বিষয়ে শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০১৪ সালের এসএসসি পরীক্ষায় এ ইনষ্টিটিউটের ছাত্র/ছাত্রীদের পাশের হার ৯৩.৯%।

১০.২.৪। ফরিদপুর অংশের পর্যবেক্ষণ :

(১) প্রশাসনিক ভবনের নির্মাণ কাজ ২০০৬ সালে সমাপ্ত হয়েছে। এর পর প্রায় ৯ বছর অতিবাহিত হয়েছে। অদ্যাবধি ভবনের কোন সংস্কার কাজ করা হয়নি। বাইরের দেয়ালের বেশ কিছু অংশে কালো দাগ পড়ে গেছে। সুপারিনটেন্ড এর কক্ষের দেয়ালে রং উঠে প্লাস্টার বের হয়ে গিয়েছে। কয়েকটি জানালার থাই গ্লাস ভেঙ্গে গেছে। জানালার গ্রিলগুলোর রং উঠে লোহার মরিচা পড়েছে।

(২) যে সকল যন্ত্রপাতি বিএমটিএফ কর্তৃক সরবরাহ করা হয়েছে তার মধ্যে ব্যাপ রীল ও টুইষ্ট টেস্টার ভারতের তৈরী। এছাড়া ডিজিটার ব্যালান্স, টুল বক্স বার্টন হোল মেশিন, ইলেকট্রিক আয়রণ ও কাটিং মেশিন চীনের তৈরী।

(৩) ফরিদপুর অংশে ছাত্র/ছাত্রী অনুপাত ৬০ : ১০ জন।

(৪) প্রকল্পের আওতায় বৃক্ষ রোপন করার কথা থাকলেও ফরিদপুর ইনস্টিটিউট প্রায় বৃক্ষহীন দেখা যায়।

১০.৩। প্রকল্পের কক্সবাজার অংশ পরিদর্শন

প্রকল্পের কক্সবাজার অংশ গত ৩০/০৭/২০১৫ তারিখে পরিদর্শন করা হয়। পরিদর্শকালে কক্সবাজার টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটের সুপারসহ অন্যান্য কর্মকর্তা উপস্থিত ছিলেন। পরিদর্শনে নিম্মোক্ত বিষয়গুলো দৃষ্টিগোচর হয় :

১০.৩.১। **যন্ত্রপাতি:** যন্ত্রপাতি পরিদর্শনে দেখা যায় প্রকল্পের আওতায় নির্ধারিত যন্ত্রপাতি যেমন পাওয়ার লুম, সেমি অটোমেটিক লুম, ফ্রেম লুম, ওয়াপিং ড্রাম, রাপ রীল, টুইস্ট টেস্টার, ব্যালান্স, চড়কা, টুল বক্স, বাটন হোল মেশিন, বাটন স্টিচ মেশিন, ইলেকট্রিক আয়রণ, কাটিং মেশিন, ইত্যাদি যন্ত্রপাতি প্রদান করা হয়েছে।

১০.৩.২। **ভবণ নির্মাণ:** ৪৫৭.৪৯ লক্ষ টাকা ব্যয়ে ১৪৪৬ব:মিটার আয়তনের ২ তলা বিশিষ্ট ভবন নির্মা ণ করা এবং এর বৈদ্যুতিক সরঞ্জামসহ বিদ্যুতায়ন কাজ, সেনেটারী কার্যক্রম ইত্যাদি সম্পন্ন হয়েছে। উক্ত ভবনের ছাদের একাংশে ২ কক্ষ বিশিষ্ট অতিথিশালা নির্মাণ করা হয়েছে ।

১০.৩.৩। কক্সবাজার অংশের পর্যবেক্ষণ

(১) ভবনের দোতলার দুটি কক্ষের বীমে আনুভূমিন ফাটল (Horizontal crack) দেখা দিয়েছে। বেশ কয়েকটি কলাম দিয়ে পানি Soak করতে দেখা যায়।

(২) ভবনের ছাদ যথাযথভাবে নির্মিত হয়নি। পরিদর্শনে দেখা যায় উক্ত ছাদে ক্রমাগত পানি জমে থাকায় শেওলা পড়ে গেছে যার ফলশ্রুতিতে বর্ষা মৌসুমে বিভিন্ন কক্ষে বীমের গোড়া দিয়ে পানি ঢুকে পড়ে যা ভবনের স্থায়ীত্বের জন্য অত্যন্ত ক্ষতিকর।

(৩) অধিকাংশ জানালার থাই ফ্রেমের লক কাজ করে না।

(৪) সুপার এর কক্ষে দেয়ালে পানি ঢুকে ড্যাম্প পড়ে গেছে।

(৫) রেস্ট হাউজের দুটি কক্ষের ছাদ দিয়ে এবং কলাম দিয়ে পানি পড়ে। এমনকি মেঝেতে পানি পড়তে দেখা যায়।

(৬) রেষ্ট-হাউজের ছাদে ওঠার জন্য কোন সিঁড়ি নির্মাণ করা হয়নি। তাই প্রয়োজনের সময় ছাদে ওঠা যায় না।

১০.৪। সিরাজগঞ্জ অংশ পরিদর্শন :

আলোচ্য প্রকল্পের আওতায় সিরাজগঞ্জ জেলায় বাস্তবায়িত কার্যক্রম গত ০২/১০/২০১৫ তারিখে পরিদর্শন করা হয়। পরিদর্শকালে ইন্সটিটিউট এর সুপার, পিউব্লিউডি 'র নির্বাহী প্রকৌশলী ও অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এ অংশের আওতায় সিরাজগঞ্জ ভোকেশনাল ইনস্টিটিউট এর নির্মাণ কাজ ২০০৬ সালে সমাপ্ত হয়েছে।

১০.৪.১। পূর্ত কাজ : যে সকল পূর্তকাজ সিরাজগঞ্জ জেলায় বাস্তবায় ন করা হয়েছে তার মধ্যে অন্যতম হচ্ছে ৪ তলা ফাউন্ডেশন বিশিষ্ট দোতলা ভবন নির্মাণ, সীমানা প্রাচীর নির্মাণ, ভূমি উন্নয়ন, এপ্রোচ রোড নির্মাণ, জলাধার নির্মাণ, সৌর প্যানেল স্থাপন, অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ, বিদ্যুতায়ন, প্রধান গেট নির্মাণ ইত্যাদি।

১০.৪.২। মেশিনারীজ ও ইকুইপমেন্ট : প্রকল্পের আওতায় ওয়াশিং মেশিন, উইঞ্চ ডাইং মেশিন, মিনি জিগার ডাইং, প্রিন্টিং ব্লক প্রিন্টিং, সুইং মিশিন, ওভারলক এমব্রয়ডারী মেশিন, বাটন হোল মেশিন, সাটন স্টিচ মেশিন, কাটিং মেশিন, সেমি অটোমেটিক লুম, পাওয়ার লুম, ওয়ার্পিং ড্রাম, রেপরিল, টুইস্ট টেষ্টার, ব্যালেন্স, ডুপ্লিকেটিং মেশিন, কম্পিউটার, প্রিন্টার ইত্যাদ সরবরাহ করা হয়েছে।

১০.৪.৩। শিক্ষা কার্যক্রম : সিরাজগঞ্জ জেলার এ ইনস্টিটিউট এ দুই বছর মেয়াদী এসএসসি টেক্সটাইল ভোকেশনাল কোর্সসহ মৌলিক কোর্সসমূহ চালু রয়েছে। চারটি ট্রেড (যেমন: ড্রেস মেকিং, ডাই ; প্রিন্টিং এন্ড ফিনিশিং, উইভিং এবং প্রিন্টিং) এ কারিগরি বিষয়ে শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০১৪ সালের এসএসসি পরীক্ষায় এ ইনষ্টিটিউটের ছাত্র/ছাত্রীদের পাশের হার ৫৬.১৯% । প্রতিষ্ঠানটির ছাত্র:ছাত্রী অনুপাত ১০৩:২৯।

১০.৪.৪। সিরাজগঞ্জ অংশের পর্যবেক্ষণ :

সিরাজগঞ্জ টেক্সটাইল ভোকেশনাল্স ইনষ্টিটিউ টের কাজ ভালভাবেই সম্পন্ন হয়েছে। তবে অনেকদিন হয়ে যাওয়ায় এর সংস্কার হওয়া প্রয়োজন।

১১। **একনজরে ১০টি টেক্সটাইল ভোকেশনাল্স ইনষ্টিটিউট**

ক্র:নং	টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট	জমির পরিমাণ (একক)	স্থাপনকাল	ব্যয় (লক্ষ টাকা)	ভবনের আয়তন ব:মি:	ছাত্র: ছাত্রী অনুপাত ২০১৪	পাসের হার (২০১৪)	চালু ট্রেড সংখ্যা
১.	নওগাঁ	১.২৫	২০০৬	৩৬৬.০০	১৪৪৬	১২:৩৯	৭০.৩৭	৩
২.	টাঙ্গাইল	১.২৫	২০০৬	৪৭৪.০০	১৪৪৬	৩৩:২৬	৯৪.৫০	৩
৩.	গাইবান্ধা	১.৩৭	২০০৬	৫০৯.৩২	১৪৪৬	৬০:২১	৭৯.৩৪	৩
৪.	কিশোরগঞ্জ	১.২৫	২০০৬	৩৪৯.০৩	১৪৪৬	২০:৫৭	৮৯.৭৪	৩
৫.	ফরিদপুর	১.২৫	২০০৬	৩৫৫.৯৫	১৪৪৬	৬০:১০	৮৬.৭৯	৩
৬.	নোয়াখালি	১.২৫	২০০৬	৪৫০.০০	১৪৪৬	৫৬:৪	৯১.৫২	২
৭.	কক্সবাজার	০.৯২	২০০৬	৪৫৪.০০	১৪৪৬	৩৬:৩৭	৮৬.৯৫	৩
৮.	সিরাজগঞ্জ	১.২৫	২০০৬	৩৯০.৭৫	১৪৪৬	১০৩:২৯	৫৬.১৯	৪
৯.	মানিকগঞ্জ	১.২৫	২০০৬	৫৩৯.৩২	১৪৪৬	৫৫:০৬	৬০%	৩
১০.	চাপাইনবাবগঞ্জ	১.২৫	২০০৬	৩১৬.২৩	১৪৪৬	৫৬:১৪	৯০.২৪	৩

১২। জনবল : প্রকল্পের আওতায় নির্মিত টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউটসমূহ পরিচালনার জন্য প্রস্তাবিত জনবল কাঠামো এবং কর্মরত জনবলের সংখ্যা নিম্নরুপ :

ক্র:নং	পদের নাম	কর্মরত সংখ্যা	শুন্য পদ	ক্র:নং	পদের নাম	কর্মরত সংখ্যা	শুন্য পদ
১.	সুপারিনটেনডেন্ট	০৮	০২	৮.	অফিস সহকারী কাম ডাটা প্রসেসর	০৯	০১
২.	ইনস্ট্রাক্টর	০৯	০১	৯.	ম্যাকানিক্স	০৮	০২
৩.	জুনিয়র ইনস্ট্রাক্টর	১০	-	১০.	টেকনিক্যাল এ্যাসিসটেন্ট	২০	-
৪.	সহকারী শিক্ষক (ভাষা)	২০	-	১১.	ড্রাইভার	০১	-
৫.	সহকারী শিক্ষক (বিজ্ঞান)	১০	-	১২.	ল্যাবরেটরী এ্যাসিসটেন্ট	১০	-
৬.	টেইলার মাষ্টার	১০	-	১৩.	এমএলএসএস	১০	-
৭.	উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক	০৯	০১	১৪.	নৈশ প্রহরী	১০	-
					মোট =	১৪৪	৭

১৩। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন :

উদ্দেশ্য	অর্জন
ক) ১০টি জেলায় টেক্সটাইল ভোকেশনাল কোর্স চালুকরণ;	১০টি জেলায় টেক্সটাইল ভোকেশনাল কোর্স চালু করা হয়েছে।
খ) বস্ত্র শিল্পের (বিশেষ করে গার্মেন্টস শিল্পের) ফ্লোর লেভেল দক্ষ জনশক্তি সৃষ্টি করা;	এ সকল প্রতিষ্ঠান হতে ২৮৭২ জন ছাত্র-ছাত্রী পাশ করেছে যারা বস্ত্র শিল্পের বিভিন্ন উপ-খাতে কর্মরত আছেন ।
(গ) দেশের বেকার যুব-গোষ্ঠীর আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;	৩৭১ জন কর্মীকে কারিগরি ও প্রশাসনিক বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে যাদের উক্ত ক্ষেত্রে দক্ষতা বৃদ্ধি পেয়েছে ।
(ঘ) দারিদ্র বিমোচন ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন; এবং	শিক্ষা ও প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে সুবিধা ভোগীদের দারিদ্র বিমোচন ও আর্থিক অবস্থার উন্নয়ন হয়েছে ।
(ঙ) স্থায়ীভাবে দশটি টেক্সটাইল ভোকেশনাল ইনষ্টিটিউট স্থাপন।	স্থায়ীভাবে দশটি টেক্সটাইল ভোকেশনাল ইনষ্টিটিউট স্থাপন করা হয়েছে ।

১৪। বাস্তবায়ন/বিদ্যমান সমস্যা :

(১) প্রতিটি ইনস্টিটিউটে টুইস্ট টেস্টার, ডিজিটাল ব্যালেন্স ও ব্যাপ রিল মেশিন এ তিনটি বিএমটিএফ কর্তৃক সরবরাহ করা হয়েছে। কিন্তু উক্ত ৩টি মেশিনই ভারতের তৈরী।

(২) প্রতিটি ইনস্টিটিউটে কাটিং মিশিন, বাটন স্টিচ মেশিন ও বাটন হোল মেশিন বাংলাদেশ মেশিন টুলস্ ফ্যাক্টরী (বিএমটিএফ) কর্তৃক সরবরাহ করা হয়েছে যার সবগুলো চীনের তৈরী।

(৩) টাঙ্গাইলে নির্মিত প্রশাসনিক কাম একাডেমিক ভবনটি বুঝে নেয়ার জন্য গণপূর্ত বিভাগের উপ-সহকারী প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত পত্রের মাধ্যমে সম্পন্ন হয়। এছাড়া, অভ্যন্তরীণ ও বহি: বিদ্যুতায়ন কাজ ও বৈদ্যুতিক যাবতীয় সরঞ্জাম পুংখানুপুংখানভাবে বুঝিয়ে দেয়ার কথা থাকলেও গণপূর্ত বিভাগ তা করেনি। বিদ্যুতায়ন ও বৈদ্যুতিক সরঞ্জাম হস্থান্তর পত্রে কোন বৈদ্যুতিক সরঞ্জাম যেমন ফ্যান, লাইট, সকেট ইত্যাদির সংখ্যা উল্লেখ করা হয়নি এবং এ সকল উপকরণাদি হস্তান্তর পত্রটিও একজন উপ-সহকারী প্রকৌশলী কর্তৃক প্রদান করা হয়েছে যা যথাযথ হয়নি।

(৪) অধিকাংশ ভোকেশনাল ইনস্টিটিউটের নির্মাণ কাজ ২০০৬ সালে সমাপ্ত হয়েছে। এর পর প্রায় ৯ বছর অতিবাহিত হলেও অদ্যাবধি কোন ভবনের সংস্কার কাজ করা হয়নি।

(৫) ফরিদপুরে নির্মিত প্রশাসনিক কাম একাডেমিক ভবনের বাইরের দেয়ালের বেশ কিছু অংশে কালো দাগ পড়ে গেছে। সুপারিনটেন্ড এর কক্ষের দেয়ালে রং উঠে প্লাস্টার বের হয়ে গিয়েছে। কয়েকটি জানালার থাই গ্লাস ভেঙ্গে গেছে। জানালার গ্রিলগুলোর রং উঠে লোহার মরিচা পড়েছে।

(৬) কক্সবাজারে নির্মিত ভবনের দোতলার দুটি কক্ষের বীমে আনুভূমিন ফাটল (Horizontal crack) দেখা দিয়েছে। বেশ কয়েকটি কলাম দিয়ে পানি Soak করতে দেখা যায় ।



চিত্র: একটি কক্ষের দেয়ালে ড্যাম্প পরার দৃশ্য



চিত্র: একটি কক্ষের বীম ও কলামের জয়েন্ট দিয়ে পানি পরার দৃশ্য

(৭) কক্সবাজার টেক্সটাইল ভোকেশনাল ইনষ্টিটিউট ভবনের ছাদ যথাযথভাবে নির্মিত হয়নি। উক্ত ছাদে ক্রমাগত পানি জমে থাকায় শেওলা পড়ে গেছে। বর্ষা মৌসুমে বিভিন্ন কক্ষে বীমের গোড়া দিয়ে জমে থাকা পানি প্রবেশ করে ভবনের স্থায়িত্ব হ্রাস করছে।



চিত্র: ক্রমাগত পানি জমে ছাদে শেওলা পরার দৃশ্য

(৮) অধিকাংশ জানালার থাই ফ্রেমের লক কাজ করে না। সুপার এর কক্ষে দেয়ালে পানি ঢুকে ড্যাম্প পড়ে গেছে। রেস্ট হাউজের দুটি কক্ষেই ছাদ দিয়ে এবং কলাম দিয়ে পানি পড়ে। এমনকি ছাদ হতে মেঝেতে পানি পড়তে দেখা যায় । দোতলায় ওঠার সিড়ির পার্শস্থ দেয়াল দিয়ে অনবরত পানি পরায় তাতে শেওলা পড়ে গেছে।









চিত্র: সিড়ি দিয়ে দোতলায় ওঠার পথে দেয়াল

চিত্র: সিড়ি দিয়ে দোতলায় ওঠার পথে দেয়াল ও তৎসংলগ্ন আলো প্রবেশ পথের দৃশ্য

(৯) ইনস্টিটিউট এ ছাত্রদের জন্য নির্মিত টয়লেট এর বেসিন ভাঙ্গা ও এর পরিবেশ অত্যন্ত নোংরা দেখতে পাওয়া যায়। টয়লেটটি ব্যবহার উপযোগী নেই।





চিত্র দেয়ালে ড্যাম্প পরার দৃশ্য

চিত্র : টয়লেট এর ভাঙ্গা বেসিন

(১০) রেষ্ট-হাউজের ছাদে ওঠার জন্য কোন সিঁড়ি নির্মাণ করা হয়নি । তাই প্রয়োজনের সময় ছাদে ওঠা যায় না ।

(১১) বেশ কয়েকটি টেক্সটাইল ইনস্টিটিউটের কম্পিউটার প্রিন্টার ইউপিএস ও সৌর বিদ্যুৎ প্যানেল নষ্ট হয়ে গেছে।

১৫। সুপারিশঃ

১৫.১। প্রতিটি ইনস্টিটিউটে ভারতের তৈরী টুইস্ট টেস্টার, ডিজিটাল ব্যালেন্স ও ব্যাপ রিল মেশিন এবং চীনের তৈরী কাটিং মিশিন, বাটন স্টিচ মেশিন ও বাটন হোল মেশিন বিএমটিএফ কর্তৃক সরবরাহকরা হয়েছে।

১৫.২। টাঙ্গাইলে নির্মিত প্রশাসনিক কাম একাডেমিক ভবনটি উপ-সহকারী প্রকৌশলী কর্তৃক স্বাক্ষরিত পত্রের মাধ্যমে হস্থান্তর করা এবং বিদ্যুতায়ন ও বৈদ্যুতিক সরঞ্জাম হস্থান্তর পত্রে বৈদ্যুতিক সরঞ্জাম যেমন ফ্যান, লাইট, সকেট ইত্যাদির সংখ্যা উল্লেখ না করা এবং এ সকল উপকরণাদি হস্তান্তর পত্রটিও একজন উপ-সহকারী প্রকৌশলী কর্তৃক প্রদান করার বিষয়টি পাট ও বস্ত্র মন্ত্রণালয় পরীক্ষা করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

১৫.৩। অধিকাংশ ভোকেশনাল ইনস্টিটিউটের নির্মাণ কাজ ২০০৬ সালে সমাপ্ত হয়েছে । এর পর প্রায় ৯ বছর অতিবাহিত হলেও অদ্যাবধি কোন ভবনের সংস্কার না করায় তা নষ্ট হওয়ার উপক্রম হয়েছে। বিধায় ভবনসমূহ অনতিবিলম্বে সংস্কারের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

১৫.৪। কক্সবাজারে নির্মিত ভবনের দোতলার দুটি কক্ষের বীমে আনুভূমিন ফাটল (Horizontal crack) দেখা দেয়া, বেশ কয়েকটি কলাম দিয়ে পানি Soak করা, ভবনের ছাদে ক্রমাগত পানি জমে থাকায় শেওলা পরার ফলে বর্ষা মৌসুমে বিভিন্ন কক্ষে বীমের গোড়া দিয়ে পানি ঢুকে পরা, দোতলার ছাদে নির্মিত রেস্ট হাউজের দুটি কক্ষেই ছাদ দিয়ে এবং কলাম দিয়ে পানি পরা, প্রয়োজনে রেষ্ট-হাউজের ছাদে ওঠার জন্য কোন সিঁড়ি নির্মাণ না করা ইত্যাদি বিষয় পরীক্ষা করে পাট ও বস্ত্র মন্ত্রণালয়কে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৫.৫। কক্সবাজারে নির্মিত ভবনের বিভিন্ন কক্ষের অধিকাংশ জানালার থাই ফ্রেমের লক নষ্ট হয়ে যাওয়া, নির্মিত টয়লেট এর বেসিন ভাঙ্গা ও এর পরিবেশ অত্যন্ত নোংরা হয়ে যাওয়া ইত্যাদি সমস্যা সমাধানে পাট ও বস্ত্র মন্ত্রণালয়কে যথাদ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৫.৬। টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটসমূহ পরিচালনার জন্য রাজস্ব খাতে স্থায়ী জনবল কাঠামো সৃষ্টির না হওয়ায় বিদ্যমান কর্মকর্তা-কর্মচারীগণ কর্মস্পৃহা হারিয়ে ফেলছেন। স্থায়ী জনবল কাঠামো সৃষ্টি হলে তারা চাকুরীতে বহাল থাকবেন কিনা তা নিয়েও তাদের মধ্যে সংশয় ও হতাশা বিরাজ করছে। অনেকের সরকারী চাকুরীতে প্রবেশের বয়সসীমা ইতোমধ্যে অতিক্রান্ত হয়েছে। এ প্রেক্ষিতে টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটসমূহ পরিচালনার জন্য রাজস্ব খাতে স্থায়ী জনবল কাঠামো সৃষ্টির কার্যক্রম ত্বরান্বতি করতে হবে এবং স্থায়ী জনবল নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান কর্মকর্তাদের অগ্রাধিকার প্রদান করতে হবে।

১৫.৭। প্রকল্পের Internal এবং/ External অডিট অবিলম্বে সম্পন্ন করতে হবে।

১৫.৮। ইতোমধ্যে নষ্ট হয়ে যাওয়া কম্পিউটার, প্রিন্টার, ইউপিএস ও সোলার প্যানেলসহ সকল যন্ত্রপাতি মরোমত/সংস্কারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৫.৯। প্রকল্প বাস্তবায়কালীন বছর ভিত্তিক অর্থ ব্যয় যথাযথভাবে হয়েছে কিনা এবং অব্যয়িত অর্থ সরকারী কোষাগারে জমা প্রদানের প্রমানপত্র পাট ও বস্ত্র মন্ত্রণালয় পরীক্ষা করে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করত: আইএমইডিকে অবহিত করবে।

১৫.১০। উপরোক্ত সুপারিশ নং ১৫.১ হতে ১৫.৯ এর আলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণ করে আগামী ০২ (দুই) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

জোরারগঞ্জ টেক্সটাইল ইন্সটিটিউটকে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে উন্নীতকরণ (২য় সংশোধিত) প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন, ২০১৪)

১। **প্রকল্পের নাম** : **জোরারগঞ্জ টেক্সটাইল ইন্সটিটিউটকে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে উন্নীতকরণ (২য় সংশোধিত)**

২। **প্রকল্পের অবস্থান** : জোরারগঞ্জ, মিরেরসরাই, চট্টগ্রাম

৩। **বাস্তবায়নকারী সংস্থা** : বস্ত্র পরিদপ্তর

৪। **প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগ** : বস্ত্র ও পাট মন্ত্রণালয়

৫। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়** :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের%)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২৪৯০.০০	৪৫৭২.৫৫	৪৪৮৮.৮৫	জুলাই, ২০০৬ হতে ডিসেম্বর, ২০০৮	জুলাই, ২০০৬ হতে জুন, ২০১৪	জুলাই, ২০০৬ হতে জুন, ২০১৪	১৯৯৮.৮৫ (৮০%)	৫.৫ বছর (২২০%)

৬। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন:

বস্ত্র ও পাট মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন অনুযায়ী প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

ক্র নং	অংগের নাম	সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি		মন্তব্য
		বাস্তব %	আর্থিক	বাস্তব (%)	আর্থিক	
১	২	৩	৪	৫	৬	৭
১	ভূমি অধিগ্রহণ	৮.৪৮একর	৩৭০.০০	৮.৪৮একর	৩৭০.০০	
২	পূর্ত নির্মাণ	১১১৩২ বঃমিঃ	১,৯৩২.২০	১১১৩২বঃমিঃ	১,৯১৪.০৯	
৩	আসবাবপত্র	১৮৫৮ টি	১১৫.৭০	১৮৫২ টি	১০৯.০২	
৪	যন্ত্রপাতি ও কম্পিউটার	৫২৭টি	১,৬৩৫.২২	৫২০টি	১,৬১২.৮৪	
৫	যানবাহন	১টি	২২.০০	১টি	২২.০০	
৬	জনবল বেতন-ভাতা	১৪জন	১০৫.৭০	১৪জন	৮২.৮৮	
৭	বইপত্র ও সাময়িকি	৬০০০	৯৫.৩৪	৬০০০	৯৫.৩৪	
৮	সম্মানী	থোক	১০৪.৩০	৯১৯৮	৯১.৯৮	
৯	মেরামত ও সংরক্ষণ	থোক	৫০.০০	থোক	৫০.০০	
১০	ছাত্রদের বই, বৃত্তি ও মিলে প্রশিক্ষণ	৭৩০	২৯.২৯	৭৩০	২৯.২৬	
১১	প্রশিক্ষণ	১০০	১১.৭৫	৮৫	১১.৭৫	
১২	বিবিধ	থোক	১০১.০৫	থোক	৯৯.৬৯	
	মোট =		**৪,৫৭২.৫৫**		**৪,৪৮৮.৮৫**	

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ :

সর্বশেষ অনুমোদিত ডিপিপি অনুযায়ী সকল ভৌত কাজ সম্পন্ন হয়েছে।

৮.১ প্রকল্পের পটভুমি :

জোরারগঞ্জ টেক্সটাইল ইনস্টিটিউট ১৯১১ সালে 'উইভিং স্কুল' নামে যাত্রা শুরু করে। বস্ত্র দপ্তরের নিয়ন্ত্রণাধীন ৬টি টেক্সটাইল ইন্সটিটিউট বৃটিশ শাসনামল থেকে পরিচালিত হয়ে আসছিল। তখন প্রতিষ্ঠানসমূহে ০১ বছর মেয়াদি আর্টিজ্যান কোর্স বিদ্যমান ছিল। ০১ বছর মেয়াদি উক্ত কোর্সটি ১৯৮০ সালে রহিত করে তদস্থলে ২ বছর মেয়াদী সার্টিফিকেট-ইন-টেক্সটাইল কোর্স চালু করা হয়। পরবর্তীতে ১৯৯৫ সাল হতে জোরারগঞ্জ টেক্সটাইল ইনস্টিটিউট হতে ০৩ বছর মেয়াদী এবং ২০০২ সাল হতে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্স প্রবর্তন করা হয়। উক্ত কোর্সে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীগণ মধ্যমানের বস্ত্র প্রযুক্তিবিদ হিসেবে দেশের বিদ্যমান বিভিন্ন টেক্সটাইল শিল্প কারখানায় নিয়োজিত হয়ে মান সম্পন্ন বস্ত্র সামগ্রী উৎপাদনের সহায়তা করে চলছে। ডিপ্লোমাধারী বস্ত্র প্রযুক্তিবিদদের উচ্চ শিক্ষার জন্য ডিগ্রী পর্যায়ের কোন শিক্ষা প্রতিষ্ঠান সরকারি পর্যায়ে ছিল না। দেশে বিদ্যমান ও ক্রমবিকাশমান আধুনিক বস্ত্র শিল্প কারখানায় নির্বাহী পর্যায়ের বস্ত্র প্রযুক্তিবিদের ব্যাপক চাহিদা থাকায় এবং বস্ত্র শিল্পের উৎপাদিত পণ্যের মান নিয়ন্ত্রণ ও শিল্পায়নের যুগে প্রতিযোগিতায় টিকে থাকতে কম খরচে অধিক মান সম্পন্ন বস্ত্র সামগ্রী উৎপাদনের লক্ষ্যে নির্বাহী পর্যায়ের বস্ত্র প্রযুক্তিবিদ সৃষ্টি এবং টেক্সটাইল ডিপ্লোমাধারীদের উচ্চ শিক্ষার সুযোগ সৃষ্টির লক্ষ্যে জোরারগঞ্জ টেক্সটাইল ইনস্টিটিউটকে জোরারগঞ্জ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে উন্নীতকরণে লক্ষ্যে ০২ জুলাই ২০০৬ তারিখে আলোচ্য প্রকল্পটি অনুমোদিত হয়। উল্লেখ্য, গত ২০০৬-২০০৭ শিক্ষাবর্ষে ৬০ জন ছাত্রকে বি,এসসি-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির মাধ্যমে জোরারগঞ্জ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের শিক্ষা কার্যক্রম শুরু হয়। ২০১৩-১৪ শিক্ষাবর্ষ হতে ১০০ জন ছাত্র-ছাত্রী ভর্তি করা হচ্ছে।

৮.২ প্রকল্পের উদ্দেশ্য :

(ক) দেশে-বিদেশে বস্ত্র খাতের বিভিন্ন শিল্প কারখানা ও শিক্ষা প্রতিষ্ঠানে নির্বাহী পর্যায়ে বস্ত্র প্রযুক্তিবিদ সরবরাহ করা;

(খ) টেক্সটাইল খাতের শিক্ষাদানে সম্পৃক্ত জনবলের কারিগরি জ্ঞান ও দক্ষতার মানোন্নয়ন করা; এবং

(গ) আত্ম কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

৮.৩ প্রকল্প অনুমোদন :

প্রকল্পটি ২৪৯০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ,২০০৬ হতে জুন,২০০৯ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০২/০৭/২০০৬ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তিতে কয়েকটি অঙ্গের ব্যয় হ্রাস-বৃদ্ধির কারণে গত ২৯/০৬/২০০৮ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয় ব্যয় বৃদ্ধি ১০% এর মধ্যে সীমাবদ্ধ রেখে ২৭৩৯.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং জুলাই ,২০০৬ হতে জুন,২০১০ মেয়াদে বাস্তবায়নের জন্য ১ম সংশোধিত ডিপিপি অনুমোদন করে। প্রকল্পের জন্য অতিরিক্ত ৮.৭১ একর জমি অধিগ্রহণের প্রয়োজন হওয়ায় এবং উক্ত জমিতে ছাত্রাবাস, ছাত্রীনিবাস, অধ্যক্ষ, শিক্ষক-কর্মচারীদের জন্য আবাসিক ভবন, অডিটরিয়াম ও বিভিন্ন ধরণের শেড নির্মাণের জন্য প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ জুলাই/২০০৬ হতে জুন/২০১২ পর্যন্ত বৃদ্ধি করে ৪৫৭২.৫৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ২৫/০২/২০১০ তারিখে একনেক কর্তৃক প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়। মোট ব্যয় অপরিবর্তিত রেখে ০৮/১০/২০১২ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের আন্তঃঅঙ্গ সমন্বয় করা হয়। দুই দফায় প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ জুন ২০১৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়। সর্বশেষ গত ১১/০৬/২০১৪ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক প্রকল্পের ২য় বার আন্তঃঅঙ্গ সমন্বয় করা হয়।

৮.৪ প্রকল্প পরিচালক :

ক্রঃ নং	নাম ও পদবী	পূর্ণ কালীন/ খন্ড কালীন	একের অধিক প্রকল্পের দায়িত্বে নিয়োজিত কিনা	প্রকল্প পরিচালকদেক দায়িত্ব কাল
১	জনাব মোঃ আব্দুস সাত্তার শিকদার	পূর্ণ কালীন	প্রযোজ্য নয়	২০/০২/২০০৭ থেকে ১৯/০৮/২০১০ পর্যন্ত
২	জনাব মোঃ হাবিবুর রহমান	পূর্ণ কালীন	প্রযোজ্য নয়	১৬/০৯/২০১০ থেকে ৩০/০৬/২০১৪ পর্যন্ত

৯। প্রকল্পের বছরভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি :

বস্ত্র ও পাট মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন অনুযায়ী প্রকল্পের বছরভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

অর্থ বছর	মূল ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		সর্বশেষ সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		বছর ভিত্তিক অগ্রগতি	
	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
১	২	২	৪	৫	৬	৭
২০০৬-২০০৭	১,৪৬০.১০	৫৮.৬৪%	৯১.০৮	১.৯৯%	৯১.০৮	১.৯৯%
২০০৭-২০০৮	৯৯৮.৯০	৪০.১২%	৮৬৯.০৬	১৯.০১%	৮৬৯.০৬	১৯.০১%
২০০৮-২০০৯	৩১.০০	১.২৪%	৬৩৫.৮০	১৩.৯০%	৬৩৫.৮	১৩.৯০%
২০০৯-২০১০	-	-	৪৯১.৬৮	১০.৭৫%	৪৯১.৬৮	১০.৭৫%
২০১০-২০১১	-	-	৫৯৯.৬২	১৩.১১%	৫৯৯.৬২	১৩.১১%
২০১১-২০১২	-	-	৬২৩.৫৩	১৩.৬৪%	৬২৩.৫৩	১৩.৬৪%
২০১২-২০১৩	-	-	৬৭৯.২২	১৪.৮৫%	৬৭৯.২২	১৪.৮৫%
২০১৩-২০১৪	-	-	৫৮২.৫৬	১২.৭৪%	৪৯৮.৮৬	১০.৯১%
মোট=	২,৪৯০.০০	১০০.০০%	**৪,৫৭২.৫৫**	১০০.০০%	**৪,৪৮৮.৮৫**	**৯৮.১৭%**

১০। প্রকল্প পরিদর্শন ও বাস্তবায়ন পর্যবেক্ষণ :

গত ০৮/০২/২০১৬ তারিখে প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রাক্তন প্রকল্প পরিচালক , কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ, গণপূর্ত বিভাগের প্রতিনিধি ও কলেজের অন্যান্য কর্মকর্তা উপস্থিত ছিলেন। প্রকল্প পরিদর্শনকালে প্রকল্পের আওতায় পরিচালিত বিভিন্ন কার্যক্রম পর্যালোচনা করা হয়। প্রকল্পের আওতায় পরিচালিত প্রধান কার্যক্রমসমূহ এবং এগুলোর অগ্রগতি নিম্নরুপ:

১০.১ জমি অধিগ্রহণ :

প্রকল্পের সংশোধিত ডিপিপিতে মোট ৮.৪৮ একর জমি অধিগ্রহণের জন্য নির্ধারিত ছিল। সমুদয় ভূমি অধিগ্রহণ করা হয়েছে এবং এজন্য সংস্থানকৃত ৩৭০.০০ লক্ষ টাকা সম্পুর্ণ ব্যয় হয়েছে। অধিগ্রহণকৃত ভূমির উপর প্রকল্পের আওতায় নির্ধারিত ভৌত অবকাঠামোসমূহ নির্মাণ করা হয়েছে।

১০.২ নির্মাণ কাজ :

প্রকল্পের আওতায় বেশ কিছু নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। তম্মধ্যে কয়েকটি ক্ষেত্রে বিদ্যমান ভবনের উর্দ্ধমূখী সম্প্রসারণ এবং কয়েকটি নতুন নির্মাণ কাজ অন্তর্ভুক্ত রয়েছে।

কটন স্পিনিং শেড এর ২য় ও ৩য় তলার সম্প্রসারণ (১৪৬৭ ব.মি) এবং শিক্ষক ও কর্মকর্তাদের ডরমিটরি ভবনের ২য় ও ৩য় তলার সম্প্রসারণ (৩৬৩ ব.মি) করা হয়েছে। অডিটরিয়ামসহ ডাইং শেড কাম প্রশাসনিক ভবন এর নীচতলা ও ১ম তলা (১২৫০ ব.মি), ৪ তলা কর্মচারী ডরমিটরি কাম কোয়ার্টার (৭৬০ ব.মি) একাডেমিক বিল্ডিং, ১৬০ সীট বিশিষ্ট ৫ তলা ছাত্র হোস্টেল (২২৪৭ ব.মি), ৩০ সীট বিশিষ্ট ৫ তলা ছাত্রী হোস্টেল (৭০০ ব.মি), ওয়ার্কশপ কাম লাইব্রেরি (৩৭১.৬ ব.মি), ২ তলা ফাউন্ডেশনসহ মসজিদ (১৩৪.৮৮ ব.মি), অভ্যন্তরিণ রাস্তা (৮৫০ ব.মি), সীমানা প্রাচীর (১১৩৮ আরএম), ছাত্রী হোস্টেলের নিরাপত্তা প্রাচীর (৪৭০ আরএম), ১টি কালভার্ট, ভবনসহ ১টি ৩১৫ কেভিএ বৈদ্যুতিক সাব-স্টেশন, ১টি গ্যারেজ, ১টি শহীদ মিনার, সরবরাহ লাইনসহ ১টি গভীর নলকূপ স্থাপন, আয়রন মুক্ত করণের জন্য একটি পানি শোধন প্ল্যান্ট, ২ টি বৃষ্টির পানি সংরক্ষনাগার, পাম্প মটর সেট ও এক্সটারনাল ইরেকট্রিফিকেশন, সোলার প্যানেল নির্মাণ এবং বিভিন্ন ধরণের পূর্ত সংস্কার/মেরামত কার্যক্রম সম্পাদিত হয়েছে।



চিত্র-১: জোরারগঞ্জ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের লাইব্রেরী ভবন

এসকল নির্মান কাজের অধিকাংশ ২০১২ সাল বা তার পূর্বে অর্থাৎ পরিদর্শন তারিখের প্রায় ৩/৪ বছর আগে সম্পন্ন হয়েছে। ছাত্র হোস্টেল যা ২০১৪ সালে নির্মিত হয়েছে তা পরিদর্শনকালে দেখা যায় যে উক্ত ভবনের কয়েকটি বাথরুমের দরজা নষ্ট হয়ে গেছে (চিত্র-২)। অডিটরিয়ামসহ ডাইং শেড কাম প্রশাসনিক ভবন এর নীচতলার একটি স্থানে ঝুঁকিপূর্ণ ফাটল লক্ষ্য করা গেছে (চিত্র-৩,৪)। শহীদ মিনারটি গত ২০১২ সালে নির্মাণ করা হলেও এর মেঝের প্লাস্টার নস্ট হয়ে গেছে (চিত্র-৫)।



চিত্র-২: ছাত্র হোস্টেলের বাথরুমের নষ্ট দরজা



চিত্র-৩: অডিটরিয়ামসহ ডাইং শেড কাম প্রশাসনিক ভবন এর নীচতলার একটি স্থানে ঝুঁকিপূর্ণ ফাটল



চিত্র-৪: অডিটরিয়ামসহ ডাইং শেড কাম প্রশাসনিক ভবন এর নীচতলার একটি স্থানে ঝুঁকিপূর্ণ ফাটল



চিত্র-৫: শহীদ মিনারের মেঝের নষ্ট প্লাস্টার

১০.৩ যন্ত্রপাতি :

অনুমোদিত আরডিপিপি-তে ৯টি ক্যাটাগরিতে মোট ৫২৭ সেট যন্ত্রপাতি এবং পদার্থবিদ্যা ও রসায়ন ল্যাবের জন্য ২ লট যন্ত্রপাতি ও ক্যামিক্যালের সংস্থান রয়েছে। তম্মধ্যে ৫২০ সেট যন্ত্রপাতি ক্রয় করার বিষয়ে প্রতিবেদনে উল্লেখ রয়েছে। উল্লেখ্য, এ খাতে সংস্থানকৃত মোট ১৬৩৫.২২ লক্ষ টাকার মধ্যে ১৬১২.৮৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এ ব্যয় প্রাক্কলিত ব্যয়ের ৯৮.৬৩%। এ প্রসঙ্গে উল্লেখ্য, ২য় সংশোধিত ডিপিপি (২য় বার অন্তঃখাত সমন্বয়কৃত) অনুযায়ী মোট ১৫৮৬.৪৩ লক্ষ টাকার যন্ত্রপাতি ২য় বার অন্তঃখাত সমন্বয় করার পূর্বে এবং ২৬.৪০৫ লক্ষ টাকার যন্ত্রপাতি ২য় বার অন্তঃখাত সমন্বয় করার পর ক্রয় করা হয়েছে।

পরিদর্শনকালে আরডিপিপি-তে ক্রয় করা হয়েছে মর্মে উল্লেখ আছে এমন যন্ত্রপাতি দৈবচয়ন ভিত্তিতে দেখতে চাওয়া হয়। Equipment and Testing Section এর জন্য ক্রয়কৃত Air Permeability Tester যন্ত্রটি কর্তৃপক্ষ দেখাতে সক্ষম হননি। উল্লেখ্য , আরিডিপিপি অনুযায়ী উক্ত যন্ত্রের ক্রয়মূল্য ৪০.০০ লক্ষ টাকা।

বেশ কিছু যন্ত্র বর্তমানে অচল অবস্থায় রয়েছে বলে জানা যায় তম্মধ্যে Knit Shrinkage Tester (মূল্য: ১৩.১৮ লক্ষ টাকা), A.F.I.S. (মূল্য: ৭৮.০০ লক্ষ টাকা), Computerized Added Design System(CAD & CAM) (মূল্য: ২৪.০০ লক্ষ টাকা) উল্লেখযোগ্য।

১০.৪ যানবাহন :

আরডিপিপি-তে সংস্থানকৃত ১টি মাইক্রোবাস ক্রয় করা হয়েছে। এ খাতে সংস্থানকৃত মোট ২২.০০ লক্ষ টাকা সম্পুর্ন ব্যয় হয়েছে। ক্রয়কৃত মাইক্রোবাসটি কলেজের কাজে ব্যবহৃত হচ্ছে।

১০.৫ আসবাবপত্র :

আরডিপিপি-তে সংস্থানকৃত ১৮৫৮ টি আসবাবপত্রের মধ্যে ১৮৫২ টি আসবাবপত্র ক্রয় করা হয়েছে এবং এখাতে সংস্থানকৃত ১১৫.৭০ লক্ষ টাকার মধ্যে ১০৯.০২ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এখাতে ব্যয়ের প্রাক্কলিত ব্যয়ের ৯৪%।

১০.৬ বইপত্র ও সাময়িকি :

বইপত্র ও সাময়িকি খাতে সংস্থানকৃত ৯৫.৩৪ লক্ষ টাকায় ৬০০০ টি বইপত্র ও সাময়িকি সংগ্রহ করে লাইব্রেরিতে সরবরাহ করা হয়েছে। এ ক্ষেত্রে শতভাগ অগ্রগতি অর্জিত হয়েছে।

১০.৭ ক্রয় পদ্ধতিতে পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ এর প্রয়োগ :

প্রকল্পটি জুন ২০০৬ হতে জুলাই ২০১৪ মেয়াদে বাস্তবায়ন মেয়াদের মধ্যে প্রকল্পের অধিকাংশ পন্য ক্রয় কার্যক্রম ২০০৬ হতে ২০০৮ এর মধ্যে সম্পন্ন হয়েছে। পরবর্তি সময়ে ক্রয় কার্যক্রম সমূহ বাস্তবায়নের ক্ষেত্রে পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ অনুসরণ করা হয়েছে। সর্বশেষ প্রকল্প পরিচালকের সাথে আলোচনাক্রমে জানা যায় যে, অনুমোদিত ডিপিপি এর আলোকে ক্রয় কার্যক্রম পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ অনুসরণ করে বাস্তবায়ন করা হয়েছে। প্রকল্পের আওতায় সম্পা দিত কয়েকটি ক্রয় কার্যক্রম সম্পর্কিত তথ্য পরিশিষ্ট-ক এ দেয়া হল।

১০.৮ সময়ভিত্তিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত পর্যালোচনা :

মূল প্রকল্পটি জুন ২০০৬ হতে জুন ২০০৯ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হলেও প্রকল্পটি মোট ২ বার সংশোধন ও মেয়াদ বৃদ্ধি করে এর বাস্তবায়নকাল জুন ২০১৪ পর্যন্ত নির্ধারণ করা হয়। এতে প্রতীয়মান হয় যে, প্রকল্প বাস্তবায়নের মূল সময়ভিত্তিক কর্মপরিকল্পনা অনুসৃত হয়নি। এছাড়া প্রকল্প মেয়াদ দীর্ঘায়িত হওয়ায় প্রকল্প ব্যয় প্রায় ৮০% বৃদ্ধি পেয়েছে। এছাড়া প্রকল্পের বাস্তবায়নকালও বৃদ্ধি পেয়েছে ১২০%।

১১। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন :

উদ্দেশ্য	অর্জন
১) দেশে-বিদেশে বস্ত্র খাতের বিভিন্ন শিল্প কারখানা ও শিক্ষা প্রতিষ্ঠানে নির্বাহী পর্যায়ে বস্ত্র প্রযুক্তিবিদ সরবরাহ করা;	বি, এসসি-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্স প্রবর্তনের মাধ্যমে দেশে-বিদেশে বস্ত্র খাতের বিভিন্ন শিল্প কারখানা ও শিক্ষা প্রতিষ্ঠানে নির্বাহী পর্যায়ে বস্ত্র প্রযুক্তিবিদ সরবরাহের সুযোগ সৃষ্টি হয়েছে।
২) টেক্সটাইল খাতের শিক্ষাদানে সম্পৃক্ত জনবলের কারিগরি জ্ঞান ও দক্ষতার মানোন্নয়ন করা;	বিএসসি-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্স প্রবর্তন করায় টেক্সটাইল খাতের শিক্ষাদানে সম্পৃক্ত জনবলের কারিগরি জ্ঞান ও দক্ষতার মানোন্নয়নের সুযোগ সৃষ্টি হয়েছে।
৩) আত্ম কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;	পাশকৃত ছাত্ররা বস্ত্র শিল্পে কর্মসংস্থাসহ আত্মকর্মসংস্থানের সুযোগ পাবে।

১২। বাস্তবায়ন/বিদ্যমান সমস্যা :

১২.১ প্রকল্পের আওতায় কলেজের জন্য কিছু কিছু যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে যেগুলো ফ্যাক্টরিতে ব্যবহারের জন্য তৈরী করা হয়েছে। যেমন Gas Singing Machine (ক্রয়মূল্য: ৯৯.০০ লক্ষ টাকা) প্রতি মিনিট সচল রাখার জন্য ১২-৪০ হাজার টাকা কাচামাল ও অন্যান্য খাতে ব্যয় করতে হয়। এই যন্ত্রটি প্রশিক্ষনার্থীদের কে বল দেখানো হয়। অর্থাৎ এধরনের যন্ত্র দিয়ে ডেমো'র পরিচালনা আর্থিক দৃস্টিকোন থেকে সম্ভব নয়;

১২.২ গত ২০০৬-০৭ শিক্ষাবর্ষ হতে বিএসসি-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্স শুরু হলেও পরিদর্শন তারিখে কলেজে ২ জন টেকনিক্যাল ও ১ জন নন-টেকনিক্যাল শিক্ষক এবং কয়েকজন ইনস্ট্রাকটর কর্মরত রয়েছেন বলে জানা যায়। কলেজের প্রয়োজনীয় কারিগরি শিক্ষক না থাকায় কলেজ পরিচালনা করে মান সম্পন্ন শিক্ষা প্রদান ব্যাহত হচ্ছে। এছাড়া খন্ডকালিন শিক্ষকের মাধ্যমে এ সমস্যার স্থায়ী সমাধানও বাস্তব সম্মত নয়;

১২.৩ উপযুক্ত জনবলের অভাবে নিয়মিত যন্ত্রপাতি ব্যবহার ও রক্ষনাবেক্ষনের অভাবে অনেক মূল্যবান যন্ত্রপাতি নষ্ট হয়ে যাওয়ার আশংকা রয়েছে।

১৩। সুপারিশ :

১৩.১ গত ২০০৬-০৭ শিক্ষাবর্ষ হতে শিক্ষা কার্যক্রম শুরু হলেও প্রয়োজনীয় জনবলের অভাবে মানসম্পন্ন শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে না। মানসম্পন্ন শিক্ষা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে স্বল্পতম সময়ে প্রয়োজনীয় জনবল নিয়োগের পদক্ষেপ গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ : ১২);

১৩.২ প্রকল্পের আওতায় ক্রয়কৃত মূল্যবান যন্ত্রপাতি নিয়মিত ব্যবহার ও রক্ষণাবেক্ষণের উদ্যোগ গ্রহণ করতে হবে যাতে ব্যবহার না হওয়াজনিত কারণে যন্ত্রপাতিগুলো নষ্ট না হয় (অনুচ্ছেদ : ১২);

১৩.৩ বেশ কিছু যন্ত্রপাতি পরিদর্শনকালে অচল/নষ্ট থাকতে দেখা গেছে। এগুলো মেরামত করে সচল করা উদ্যোগ গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ : ১০.৩);

১৩.৪ ভবিষ্যতে এ ধরণের প্রকল্পের জন্য যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে ফ্যাক্টরি ভারশনের পরিবর্তে ল্যাব-ভারশন যন্ত্রপাতি ক্রয় করা যেতে পারে (অনুচ্ছেদ : ১২);

১৩.৫ দ্রুত টেকনোলজি পরিবর্তনের কারণে কিছু কিছু ফ্যাকাল্টির যন্ত্রপাতির ধরণ নিয়মিত পরিবর্তিত হচ্ছে। এসকল ক্ষেত্রে ভবিষ্যতে যন্ত্রপাতি ক্রয়ের পরিবর্তে তথ্যপ্রযুক্তি ব্যবহার করে যন্ত্রপাতি সম্পর্কিত ডেমো ভিডিও এর মাধ্যমে ক্লাশে দেখানোর বিষয়টি বিবেচনা করা যেতে পারে; এছাড়া যেহেতু ফ্যাক্টরিতে ছাত্রছাত্রীদের নিয়মিত সংযুক্তি ও শিক্ষা ভ্রমণ রয়েছে, তাই এক্ষেত্রে অত্যধিক মূল্যের যন্ত্রপাতি ক্রয় না করেও পাঠ দানের বিষয়টি বিবেচনা করা যেতে পারে;

১৩.৬ Equipment and Testing Section এর জন্য ক্রয়কৃত Air Permeability Tester যন্ত্রটি আরডিপিপি-তে ক্রয় করা হয়েছে মর্মে উল্লেখ আছে। পরিদর্শনকালে যন্ত্রটি কর্তৃপক্ষ দেখাতে সক্ষম হননি। উদ্যোগী মন্ত্রণালয় বিষয়টি তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে (অনুচ্ছেদ : ১০.৩);

১৩.৭ প্রকল্পের আওতায় সম্পাদিত নির্মিত স্থাপনায় পরিলক্ষিত ত্রুটিসমূহ দ্রুত মেরামতের উদ্যোগ গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ : ১০.২);

১৩.৮ ভবিষ্যতে প্রক ল্প ডিপিপি প্রণয়নের সময় পর্যাপ্ত তথ্য পর্যালোচনা করে এবং SWOT Analysis করতে হবে যাতে প্রকল্পের সংশোধনের প্রয়োজন না হয় ; এ ক্ষেত্রে ভুমি র প্রয়োজনীয়তা, প্রাপ্তির সম্ভাবনা, মূল্য পরিশোধ ইত্যাদি বিষয় বিবেচনায় নিয়ে Critical Path নির্ধারণ ও তদানুযায়ী কর্ম পরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা প্রণ য়ন করতে হবে (অনুচ্ছেদ : ৮.৩ ও ১০.৮);

১৩.৯ উপরোল্লিখিত সুপারিশসমূহের বিষয়ে গৃহীত ব্যবস্থা সম্পর্কে উদ্যোগী মন্ত্রণালয় আগামী ৩ (তিন) মাসের মধ্যে আইএমইডি-কে অবহিত করবে।

পরিশিষ্ট-ক

প্রকল্পের আওতায় সম্পাদিত কয়েকটি ক্রয় কার্যক্রম সম্পর্কিত তথ্যাদি

প্যাকেজের নাম	প্যাকেজ নং	প্রাক্কলিত ব্যয়	টেন্ডার আহবানের তারিখ	NOA প্রদানের তারিখ	চুক্তির তারিখ	চুক্তি মূল্য	চুক্তির মেয়াদ	প্রকৃত সম্পাদনের তারিখ
বই ও সাময়িকি ক্রয়	১/২০০৭	৫০০০০০০	০৪/১২/২০০৭	২৩/০২/২০০৮	২৩/০৩/২০০৮	১২৯৮১০	৬০ দিন	২৯/০৫/২০০৮
টেক্সটাইল যন্ত্রপাতি ক্রয়	১/২০০৬	১৩০০০০০০০	২৩/১২/২০০৬	৮/১১/২০০৭	৩১/১২/২০০৭	৪৭৩৯০০০	১২০ দিন	২০/০২/২০০৮
টেক্সটাইল যন্ত্রপাতি ক্রয়	২/২০০৮	৭০০০০০০০	২৩/০২/২০০৮	০৭/১২/২০০৮	০১/০২/২০০৯	১৬৮২৭০০	১২০ দিন	০৮/০৭/২০০৯
টেক্সটাইল যন্ত্রপাতি ক্রয়	২/২০১০	২৫০০০০০	২৬/১০/২০১০	২৬/০২/২০১১	১২/০৩/২০১১	১৮২৯০০০	৯০ দিন	২৩/০৪/২০১১
মাইক্রোবাস ক্রয়	২/২০০৮	২২০০০০০	২৩/০২/২০০৮	২৪/১১/২০০৮	৩০/১১/২০০৮	২১৪২০০০	১২০ দিন	০৩/১২/২০০৮

বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন(বিশেষ সংশোধিত)
প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন (পিসিআর)
(সমাপ্তঃ জুন, ২০১৪)

১। প্রকল্পের নাম : বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন (বিশেষ সংশোধিত)

২। বাস্তবায়নকারী সংস্থা : বস্ত্র পরিদপ্তর ।

৩। উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ : বস্ত্র ও পাট মন্ত্রণালয়।

৪। প্রকল্পের এলাকা : কালিহাতী উপজেলা, টাংগাইল ।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের%)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২৩৯৮.০০	১১৩৭৩.৫৮	১১০৫৪.১১	জুলাই, ২০০৬ হতে ডিসেম্বর, ২০০৮	জুলাই, ২০০৬ হতে জুন, ২০১৪	জুলাই, ২০০৬ হতে জুন, ২০১৪	৮৬৫৬.১১ (৩৬১%)	৫.৫বছর (২২০%)

৬। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়নঃ

বস্ত্র ও পাট মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন অনুযায়ী প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নরূপ :

(লক্ষ টাকায়)

ক্র নং	অংগের নাম	সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি		হ্রাস বৃদ্ধির কারণ
		বাস্তব %	আর্থিক	বাস্তব (%)	আর্থিক	
১	২	৩	৪	৫	৬	৭
১	ভূমি অধিগ্রহণ	১১একর	১,০৩৫.৬৮	১১একর	১,০৩৫.৬৬	
২	ভৌত নির্মাণ	১৮৫২৮ বঃমিঃ	৪,৯৭৬.০০	১৮৫২৮ বঃমিঃ	৪,৯৭১.৭৩	
৩	আসবাবপত্র	২৩৩০ টি	১৬৫.৪৬	২৩৩০ টি	১৫৯.৮৩	
৪	যন্ত্রপাতি	২৯৮টি	৪,৬৩০.৯৭	২৪৮টি	৪,৩৪২.৬৮	
৫	যানবাহন	২টি	৭৮.৩৩	২টি	৭৮.৩৩	
৬	কম্পিউটার ও এক্সেসরিজ	১৮৭টি	৬২.৬০	১৮৭টি	৬৫.২৯	
৭	অফিস সরঞ্জাম	৩৬টি	২৫.৮৭	৩৬টি	২২.৭৮	
৮	পদার্থ ও রসায়ন ল্যাব	২৪৭১টি	১১.০০	২৪৭১টি	১১.০০	
৯	সোলার প্যানেল	১টি	৭০.০০	১টি	৭০.০০	
১০	জনবল বেতন	১০জন	২৮.০০	১০জন	২৬.১৩	
১১	জনবল ভাতা	১০জন	৩৪.০০	১০জন	৩৩.৭৩	
১২	বইপত্র ও সাময়িকি	থোক	৬৩.০০	থোক	৪৯.৩১	
১৩	বিবিধ	থোক	১৮৩.১৭	থোক	১৮০.৫৪	
১৪	মেরামত ও সংরক্ষণ	থোক	৭.৫০	থোক	৭.১০	
	মোট =		**১১,৩৭৩.৫৮**		১১,০৫৪.১১	

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ :

সর্বশেষ অনুমোদিত ডিপিপি অনুযায়ী সকল ভৌত কাজ সম্পন্ন হয়েছে।

৮। সাধারণ পর্যবেক্ষণ :

৮.১ প্রকল্পের পটভুমি :

বস্ত্র দপ্তরের নিয়ন্ত্রণাধীন ৬টি টেক্সটাইল ইন্সটিটিউট বৃটিশ শাসনামল থেকে পরিচালিত হয়ে আসছিল। তখন প্রতিষ্ঠানসমূহে ০১ বছর মেয়াদি আর্টিজ্যান কোর্স বিদ্যমান ছিল। ০১ বছর মেয়াদি উক্ত কোর্সটি ১৯৮০ সালে রহিত করে তদস্থলে ২ বছর মেয়াদী সার্টিফিকেট-ইন-টেক্সটাইল কোর্স চালু করা হয়। পরবর্তীতে উক্ত ০৬টি প্রতিষ্ঠানে ১৯৯৩-৯৪ শিক্ষা বর্ষ হতে ০৩ বছর মেয়াদী এবং ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষ হতে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্স প্রবর্তন করা হয়। উক্ত কোর্সে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীগণ মধ্যমানের বস্ত্র প্রযুক্তিবিদ হিসেবে দেশের বিদ্যমান বিভিন্ন টেক্সটাইল শিল্প কারখানায় নিয়োজিত হয়ে মান সম্পন্ন বস্ত্র সামগ্রী উৎপাদনের সহায়তা করে চলছে। ডিপ্লোমাধারী বস্ত্র প্রযুক্তিবিদদের উচ্চ শিক্ষার জন্য ডিগ্রী পর্যায়ের কোন শিক্ষা প্রতিষ্ঠান সরকারী পর্যায়ে ছিল না। দেশে বিদ্যমান ও ক্রমবিকাশমান আধুনিক বস্ত্র শিল্প কারখানায় নির্বাহী পর্যায়ের বস্ত্র প্রযুক্তিবিদের ব্যাপক চাহিদা থাকায় এবং বস্ত্র শিল্পের উৎপাদিত পণ্যের মান নিযন্ত্রণ ও শিল্পায়নের যুগে প্রতিযোগিতায় টিকে থাকতে কম খরচে অধিক মান সম্পন্ন বস্ত্র সামগ্রী উৎপাদনের লক্ষ্যে নির্বাহী পর্যায়ের বস্ত্র প্রযুক্তিবিদ সৃষ্টি এবং টেক্সটাইল ডিপ্লোমাধারীদের উচ্চ শিক্ষার সুযোগ সৃষ্টির লক্ষ্যে বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ প্রতিষ্ঠিত হয়। উল্লেখ্য গত ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষ হতে বি,এসসি-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তি করে শিক্ষা কার্যক্রম অস্থায়ী ক্যাম্পাস টেক্সটাইল ইনস্টিটিউট, বাজিতপুর রোড, টাঙ্গাইলে পরিচালিত হচ্ছে।

৮.২ প্রকল্পের উদ্দেশ্যঃ

(ক) বস্ত্র শিল্প সেক্টরের জন্য স্নাতক পর্যায়ের বস্ত্র প্রযুক্তিবিদ সৃষ্টি;

(খ) টেক্সটাইল ডিপ্লোমাধারীদের উচ্চতর শিক্ষার সুযোগ সৃষ্টি;

(গ) আত্ম কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে দারিদ্র বিমোচন করা; এবং

(ঘ) টেক্সটাইল ডিপ্লোমাধারীদের জন্য বি, এসসি-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্স প্রবর্তন।

৮.৩ প্রকল্প অনুমোদনঃ

প্রকল্পটি ২৩৯৮.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৬ হতে ডিসেম্বর, ২০০৮ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২৬/১০/২০০৬ তারিখে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। জমির মূল্য বৃদ্ধি পাওয়ায় গত ২০/০৩/২০০৯ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয় ব্যয় বৃদ্ধি ১০% এর মধ্যে সীমাবদ্ধ রেখে ২৪৯৮.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং জুলাই,২০০৬ হতে ডিসেম্বর,২০০৯ মেয়াদে বাস্তবায়নের জন্য ১ম সংশোধিত ডিপিপি অনুমোদন করে। প্রকল্পের স্থান পরিবর্তনের সিদ্ধান্তের প্রেক্ষিতে এবং যন্ত্রপাতি ও পূর্ত নির্মাণ কাজের ব্যয় বৃদ্ধি পাওয়ায় ০২/০২/২০১০ তারিখে প্রকল্পের বাস্তবায়ন কাজ জুলাই/২০০৬ হতে ডিসেম্বর /২০১১ পর্যন্ত বৃদ্ধি করে ৬৭১৫.০১ লক্ষ টাকা ব্যয়ে ২য় সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়। প্রকল্পটি ভৌত অবকাঠামো নির্মাণ যথাসময়ে সম্পন্ন না হওয়ায় এবং নির্মাণ ব্যয় বহুলাংশে বৃদ্ধি পাওয়ায় গত ০২/০৫/২০১২ তারিখের একনেক সভায় প্রকল্পটির ৩য় সংশোধিত ডিপিপি ১০৬৩১.০০ লক্ষ টাকা ব্যয়ে জুলাই/২০০৬ হতে জুন/২০১৪ মেয়াদে অনুমোদিত হয়। জমির মূল্য বৃদ্ধি পাওয়ায় ০৩/০৩/২০১৩ তারিখে অনুষ্ঠিত ডিপিইসি সভায় ১১৩৭৩.৫৮ লক্ষ টাকা ব্যয়ে বিশেষ সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়।

৮.৪ প্রকল্প পরিচালকঃ

ক্রঃ নং	নাম ও পদবী	পূর্ণ কালীন	খন্ড কালীন	একের অধিক প্রকল্পের দায়িত্বে নিয়োজিত কিনা	প্রকল্প পরিচালকদেক দায়িত্ব কাল
১	জনাব এস. এম. আবদুল বাতেন পরিচালক (বস্ত্র দপ্তর), উপ-সচিব		খন্ড কালীন (অতিঃ দায়িত্ব)	প্রযোজ্য নয়	১৮/১০/২০০৬ হতে ১৭/১০/২০০৭ পর্যন্ত
২	জনাব মোঃ আতাউল হক উপ-সচিব		খন্ড কালীন (অতিঃ দায়িত্ব)	প্রযোজ্য নয়	১৮/১০/২০০৭ হতে ৩১/১০/২০০৭ পর্যন্ত

৩	জনাব মোঃ খলিলুর রহমান উপ-সচিব	পূর্ণ কালীন		প্রযোজ্য নয়	৩১/১০/২০০৭ হতে ২৮/১০/২০০৯ পর্যন্ত
৪	জনাব মোঃ মনছুরুল আলম সিঃ সহঃ প্রধান বর্তমানে উপ-প্রধান		খন্ড কালীন (অতিঃ দায়িত্ব)	প্রযোজ্য নয়	২৮/১০/২০০৯ হতে বর্তমান পর্যন্ত

৯। প্রকল্পে আর্থিক ও বাস্তব অগ্রগতি:

বস্ত্র ও পাট মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন অনুযায়ী প্রকল্পের বছরভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্র গতি নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

অর্থ বছর	মূল ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		সর্বশেষ সংশোধিত ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		বছর ভিত্তিক অগ্রগতি	
	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
১	২	২	৪	৫	৬	৭
২০০৬-২০০৭	৩৭০.৮০	১৫.৪৬%	১.০৪	০.০১%	১.০৪	০.০১%
২০০৭-২০০৮	২,১৬৬.০০	৪৮.৬২%	৯.০৯	০.০৮%	৯.০৯	০.০৮%
২০০৮-২০০৯	৮৬১.২০	৩৫.৯১%	১৬.০০	০.১৪%	১৬.০০	০.১৪%
২০০৯-২০১০	-	-	৪৪৮.২২	৩.৯৪%	৪৪৮.২৩	৪.০৫%
২০১০-২০১১	-	-	১,২৯৯.৯৮	১১.৪৩%	১,২৯৯.৯৭	১১.৭৬%
২০১১-২০১২	-	-	২,৮০০.০০	২৪.৬২%	২,৭৯৯.৯৯	২৫.৩৩%
২০১২-২০১৩	-	-	৩,৯১২.২৫	৩৪.৪০%	৩,৭৯৯.৯৬	৩৪.৩৮%
২০১৩-২০১৪	-	-	২,৮৮৭.০০	২৫.৩৮%	২,৬৭৯.৮৩	২৪.২৪%
মোট =	**২,৩৯৮.০০**	১০০.০০%	**১১,৩৭৩.৫৮**	**১০০.০০%**	**১১,০৫৪.১১**	**৯৭.১৯%**

১০। প্রকল্প পরিদর্শন ও বাস্তবায়ন পর্যবেক্ষণ :

গত ২৮/০৬/২০১৬ তারিখে প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক, কলেজের অধ্যক্ষ, গণপূর্ত বিভাগের প্রতিনিধি ও কলেজের অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। প্রকল্প পরিদর্শনকালে প্রকল্পের আওতায় পরিচালিত বিভিন্ন কার্যক্রম পর্যালোচনা করা হয়। প্রকল্পের আওতায় পরিচালিত প্রধান প্রধান কার্যক্রমসমূহ নিম্নরুপ:

১০.১ জমি অধিগ্রহণ :

প্রকল্প বাস্তবায়নের জন্য সংশোধিত ডিপিপিতে মোট ১১.০০ একর জমির সংস্থান ছিল। তম্মধ্যে ব্যক্তিমালিকগণের নিকট থেকে ৩.৪৪ একর জমি এবং সড়ক ও জনপথ বিভাগের নিকট থেকে ৭.৫৬ একর জমিসহ মোট ১১.০০ একর জমি অধিগ্রহণের জন্য নির্ধারিত ছিল। সমুদয় ভূমি অধিগ্রহণ করা হয়েছে এবং এজন্য সংস্থানকৃত ১০৩৫.৬৮ লক্ষ টাকার মধ্যে ১০৩৫.৬৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অধিগ্রহণকৃত ভুমির উপর প্রকল্পের ভৌত অবকাঠামো নির্মাণপূর্বক কলেজ কমপ্লেক্স তৈরী করা হয়েছে।


১০.২ নির্মাণ কাজ :

অধিগ্রহণকৃত জমির উপর ১টি ৩ তলা প্রশাসনিক কাম একাডেমিক বিল্ডিং, ১টি ৩ তলা উইভিং শেড কাম ওয়ার্কশপ ভবন, ১টি ১ তরা জুট স্পিনিং শেড, ১টি কটন স্পিনিং শেড, ১টি ৪ তলা ও ১টি ২ তলা ছাত্র হোষ্টেল ভবন, ১টি ২ তলা ছাত্রী হোস্টেল ভবন, ১টি ২ তলা প্রিন্সিপাল কোয়ার্টার, ১টি ৩ তলা অফিসার্স ডরমেটরি, ১টি ২ তলা সিকিউরিটি/স্টাফ ডরমিটরি, ১টি ২ তলা অফিসার্স কোয়ার্টার, ১টি ২ তলা কর্মচারী কোয়ার্টার, চরকা নামক একটি ভাস্কর্য, বিজয়-৭১ নামক একটি স্মৃতি স্তম্ভ, একটি ১ তলা মসজিদ, গেরেজ , সাব স্টেশন এন্ড ওয়াটার সাপ্লাই বিল্ডিং, গভীর নলকূপ স্থাপন, ইন্টারনাল ইলেকট্রিফিকেশন, সোলার প্যানেল, ইন্টারনাল রোড ও ভূমি উন্নয়ন কাজ ইত্যাদি নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। নির্মাণখাতে সংস্থানকৃত মোট ৪৯৭৬.০০ লক্ষ টাকার মধ্যে ৪৯৭১.৭৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

১০.৩ যন্ত্রপাতি :

অনুমোদিত আরডিপিপি-তে ৮টি ক্যাটাগরিতে মোট ২৯৫টি যন্ত্রপাতির সংস্থান রয়েছে বলে কলেজের অধ্যক্ষ জানান। তম্মধ্যে ২৬৬টি যন্ত্রপাতি ক্রয় ও সরবরাহ হয়েছে বলে অধ্যক্ষ অবহিত করেন। ২৫০টি যন্ত্রের কাযকারিতা পরীক্ষা করে বর্তমান কলেজ কর্তৃপক্ষের নিকট সরবরাহ করা হলেও ২০০৮ সালে ক্রয়কৃত ১৬টি যন্ত্রের কার্যকারিতা পরীক্ষা না করেই উক্ত সময়ে কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়েছিল। বর্তমান ক্যাম্পাসে উক্ত যন্ত্রপাতি ২০০৮ সালের সাময়িক ক্যাম্পাস হতে স্থানান্তর করে বর্তমান ক্যাম্পাসে স্থাপন করা হয়েছে। উল্লেখ্য এ খাতে সংস্থানকৃত মোট ৪৬৩০.৯৭ লক্ষ টাকার মধ্যে ৪৩৪২.৬৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এ ব্যয় প্রাক্কলিত ব্যয়ের ৯৪%। উল্লেখ্য, কটন স্পিনিং শেডের মূল ফটকের অভ্যন্তরে দোতলায় উঠার সিড়ির নিচে কিছু যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে। এছাড়া কয়েকটি প্যাকেট আচ্ছাদিত অবস্থায় থাকতে দেখা যায়। এ সম্পর্কে জানতে চাওয়া হলে প্রকল্প পরিচালক জানান যন্ত্রটির নাম Rotor Spinning Frame এবং মোট ১৬৮টি Spindle সহ যন্ত্রটি ক্রয় করা হয়েছে। Spindle গুলো মোট ১৪টি সেগমেন্টে বিভক্ত ও প্রতিটি সেগমেন্টে ১২টি Spindle রয়েছে। ৫ টি সেগমেন্টে ৬০টি Spindle সংযোজন করা হয়েছে। যন্ত্রটি সচল আছে। অবশিষ্ট ৯টি সেগমেন্টের ১০৮ Spindle স্থান সংকুলান না হওয়ায় সংযোজন না করে পৃথকভাবে ঢেকে রাখা হয়েছে। কোন সেগমেন্ট নস্ট হলে সংরক্ষিত সেগমেন্ট হতে সেগমেন্ট সংযুক্ত করে তা ব্যবহার করা যাবে।

প্রকল্পের কয়েকটি উল্লেখযোগ্য স্থিরচিত্র:



চিত্র-১: "বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন (বিশেষ সংশোধিত)" শীর্ষক প্রকল্পের লে-আউট প্ল্যান



চিত্র-২: বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের প্রশাসনিক ভবন



চিত্র-৩: বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের প্রধান ফটক



চিত্র-৪: স্পিনিং শেডের মূল ফটকের অভ্যন্তর

১০.৪ যানবাহন :

আরডিপিপি-তে সংস্থানকৃত ২টি যানবাহন (১টি জীপ ও ১টি মাইক্রোবাস) ক্রয় করা হয়েছে। এ খাতে সংস্থানকৃত মোট ৭৮.৩৩লক্ষ টাকার মধ্যে ৭৮.৩২৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে। ক্রয়কৃত জীপটি বিধি অনুযায়ী গত ১৪/০৮/২০১৪ তারিখে পরিবহন পুলে জমা দেয়া হয়েছে এবং মাইক্রোবাসটি কলেজের কাজে ব্যবহৃত হচ্ছে।

১০.৫ আসবাবপত্র :

আরডিপিপি-তে সংস্থানকৃত ২২৩০টি আসবাবপত্র সম্পুর্ন ক্রয় করা হয়েছে এবং এখাতে সংস্থানকৃত ১৬৫.৪৬ লক্ষ টাকার মধ্যে ১৫৯.৮৩২ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এখাতে ব্যয়ের প্রাক্কলিত ব্যয়ের ৯৭%।

১০.৬ বইপত্র ও সাময়িকি :

বইপত্র ও সাময়িকি খাতে সংস্থানকৃত ৬৩.০০ লক্ষ টাকার মধ্যে ৪৯.৩০ লক্ষ টাকা ব্যয়ে প্রয়োজনীয় বইপত্র ও সাময়িকি সংগ্রহ করে লাইব্রেরিতে সরবরাহ করা হয়েছে।

১০.৭ সংগ্রহ পদ্ধতিতে পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ এর প্রয়োগ :

প্রকল্পটি জুন ২০০৬ হতে জুলাই ২০১৪ মেয়াদে বাস্তবায়ন মেয়াদের মধ্যে প্রকল্পের অধিকাংশ কার্যক্রম পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ কার্যকর হওয়ার পর বাস্তবায়িত হয়েছে। প্রকল্পের আওতায় সম্পাদিত ক্রয় কার্যক্রম সম্পর্কে সর্বশেষ প্রকল্প পরিচালকের সাথে আলোচনাক্রমে জানা যায় যে, অনুমোদিত ডিপিপি এর আলোকে ক্রয় কার্যক্রম পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ অনুসরণ করে বাস্তবায়ন করা হয়েছে। পন্যসমূহের মধ্যে দু'টি প্যাকেজে যন্ত্রপাতি উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ক্রয় করা হয়েছে। বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরি হতে অবশিষ্ট যন্ত্রপাতি সরাসরি ক্রয় পদ্ধতি অনুসরণে ক্রয় করা হয়েছে। কয়েকটি ক্রয় সম্পর্কিত তথ্য পরিশিষ্ট-১, পরিশিষ্ট-২ এ দেখা যেতে পারে।

১০.৮ সময়ভিত্তিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত পর্যালোচনা :

মূল প্রকল্পটি জুন ২০০৬ হতে ডিসেম্বর ২০০৮ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হলেও প্রকল্পটি মোট ৪ বার সংশোধন করা হয়েছে এবং জুন ২০১৪ এ প্রকল্পটি সমাপ্ত হয়েছে। এত প্রতীয়মান হয় যে, প্রকল্প বাস্তবায়নের মূল সময়ভিত্তিক কর্মপরিকল্পনা অনুসৃত হয়নি। উল্লেখ্য, মূল প্রকল্প দলিলটি অনুমোদনের পর ১ম বার জমির মূল্য বৃদ্ধি, ২য় বার প্রকল্পের স্থান পরিবর্তন, যন্ত্রপাতি ও নির্মাণ ব্যয় বৃদ্ধি, ৩য় বার পূণরায় নির্মাণ ব্যয় বৃদ্ধি ও শেষবার জমির মূল্য বৃদ্ধিজনিত কারণে সংশোধন করতে হয়েছে। প্রকল্প দলিল বার বার সংশোধন করা এবং যথাসময়ে কর্ম পরিকল্পনা অনুযায়ী কার্য সম্পাদন করতে না পারা ইত্যাদি কারণে বাস্তবায়নকারী সংস্থার প্রকল্প দলিল প্রণয়ন ও বাস্তবায়নে দক্ষতার অভাব বলে প্রতীয়মান হয়। এছাড়া প্রকল্প মেয়াদ দীর্ঘায়িত হওয়ায় প্রকল্প ব্যয় প্রায় ৩৬১% বৃদ্ধি পেয়েছে যা কাম্য নয়।

১১। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন :

উদ্দেশ্য	অর্জন
১) বস্ত্র শিল্প সেক্টরের জন্য স্নাতক পর্যায়ের বস্ত্র প্রযুক্তিবিদ সৃষ্টি	প্রতিবছর বস্ত্র শিল্প সেক্টরের জন্য স্নাতক পর্যায়ের ৮০ জন বস্ত্র প্রযুক্তিবিদ তৈরির সুযোগ সৃষ্টি হয়েছে।
২) টেক্সটাইল ডিপ্লোমাধারীদের উচ্চতর শিক্ষার সুযোগ সৃষ্টি	টেক্সটাইল ডিপ্লোমাধারীদের বি, এসসি-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে শিক্ষার সুযোগ সৃষ্টি হয়েছে।
৩) আত্ম কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে দারিদ্র বিমোচন করা	পাশকৃত ছাত্ররা বস্ত্র শিল্পে কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র বিমোচন করতে সক্ষম হবে।
৪) টেক্সটাইল ডিপ্লোমাধারীদের জন্য বি, এসসি-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্স প্রবর্তন	২০০৭-০৮ শিক্ষা বর্ষে ৫০ জন ছাত্র ভর্তির মাধ্যমে বি, এসসি-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্স প্রবর্তন করা হয়।

১২। বাস্তবায়ন/বিদ্যমান সমস্যা :

১২.১ প্রকল্প বাস্তবায়নকালে মোট ৪ জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালকগণ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিষয়ে কারিগরি জ্ঞান সম্পন্ন না হওয়ায় যে সকল যন্ত্রপাতি প্রকল্পের আওতায় ক্রয় করা হয়েছে তার সাথে সামঞ্জস্য রেখে স্থাপনাসমূহ নির্মাণের বিষয়ে সমন্বয়হীণতা সৃষ্টি হয়েছে।

১২.২ প্রকল্পের আওতায় কলেজের জন্য কিছু কিছু যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে যেগুলো ফ্যাক্টরিতে ব্যবহারের জন্য তৈরী করা হয়েছে। ফলে এগুলো দিয়ে ডেমো'র সময় যে পরিমান কাচামাল প্রয়োজন তা সরবরাহ করে ছাত্রদের ডেমো দেখানো সম্ভব হয় না।

১২.৩ গত ২০০৭-০৮ শিক্ষাবর্ষ হতে শিক্ষা কার্যক্রম শুরু হলেও পরিদর্শন তারিখে কলেজে ২ জন টেকনিক্যাল ও ২ জন নন-টেকনিক্যাল শিক্ষক এবং ১ জন টেকনিক্যাল ইনস্ট্রাকটর, ১ জন কম্পিউটার ইনস্ট্রাকটর, ১ জন প্রধান ইনস্ট্রাকটর কর্মরত রয়েছেন বলে জানা যায়। কলেজে ৪টি ফ্যাকাল্টিতে ৪টি ব্যাচে মোট ৩২০ জন শিক্ষার্থী রয়েছেন। ২৫টি ১ম শ্রেণী ও ৭টি ২য় শ্রেণীর অনুমোদিত পদের বিপরীতে মাত্র ৭জন কর্মকর্তার মাধ্যমে কলেজ পরিচালনা করে মান সম্পন্ন শিক্ষা প্রদান সম্ভব নয়। এছাড়া খন্ডকালিন শিক্ষকের মাধ্যমে এ সমস্যার স্থায়ী সমাধানও বাস্তব সম্মত নয়।

১২.৪ উপযুক্ত জনবলের অভাবে নিয়মিত যন্ত্রপাতি ব্যবহৃত না হওয়ায় অনেক যন্ত্রপাতি নষ্ট হয়ে যাওয়ার আশংকা রয়েছে।

১৩। সুপারিশ :

১৩.১ গত ২০০৭-০৮ শিক্ষাবর্ষ হতে শিক্ষা কার্যক্রম শুরু হলেও প্রয়োজনীয় জনবলের অভাবে মানসম্পন্ন শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে না। মানসম্পন্ন শিক্ষা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে স্বল্পতম সময়ে প্রয়োজনীয় জনবল নিয়োগের পদক্ষেপ গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ : ১২.৩);

১৩.২ প্রকল্পের আওতায় ক্রয়কৃত মূল্যবান যন্ত্রপাতি নিয়মিত ব্যবহারের উদ্যোগ গ্রহণ করতে হবে যাতে ব্যবহার না হওয়াজনিত কারণে যন্ত্রপাতিগুলো নষ্ট না হয় (অনুচ্ছেদ : ১২.৪);

১৩.৩ ভবিষ্যতে এ ধরণের প্রকল্পের জন্য যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে ফ্যাক্টরি ভারশনের পরিবর্তে ল্যাব-ভারশন যন্ত্রপাতি ক্রয় করা যেতে পারে (অনুচ্ছেদ : ১২.২);

১৩.৪ দ্রুত টেকনোলজি পরিবর্তনের কারণে কিছু কিছু ফ্যাকাল্টির যন্ত্রপাতির ধরণ নিয়মিত পরিবর্তিত হচ্ছে। এসকল ক্ষেত্রে ভবিষ্যতে যন্ত্রপাতি ক্রয়ের পরিবর্তে তথ্যপ্রযুক্তি ব্যবহার করে যন্ত্রপাতি সম্পর্কিত ডেমো ভিডিও এর মাধ্যমে ক্লাশে দেখানোর বিষয়টি বিবেচনা করা যেতে পারে;

১৩.৫ প্রক ল্পের ডিপিপি প্রণয়নের সময় পর্যাপ্ত তথ্য পর্যালোচনা করে এবং SWOT Analysis করতে হবে যাতে প্রকল্পের সংশোধনের প্রয়োজন না হয় ; এ ক্ষেত্রে ভূমি প্রাপ্তি , ভূমির মূল্য , Critical Path ইত্যাদি বিষয় বিবেচনায় নিয়ে কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা প্রণয়ন করতে হবে।

পরিশিষ্ট-১

বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন প্রকল্প
ক্রয় সম্পর্কিত তথ্যাদি (Open Tendering Method)

প্যাকেজ নং	প্যাকেজের নাম	দরপত্র আহবানের তারিখ	পত্রিকার নাম	TEC- এর তারিখ	মন্ত্রণালয়ের অনুমোদনের তারিখ	কার্যাদেশ প্রদানের তারিখ	টাকার পরিমাণ	কাজ সম্পাদনের তারিখ	পরিশোধিত মূল্য (টাকায়)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
০১	Textile Machineries (Lot:A, B, C)	০৪/১০/২০১১	দৈনিক জনকণ্ঠ, ডেইলি ইনডিপেনডেন্ট, CPTU-এর ওয়েবসাইট	৩০/১১/২০১১ এবং ০৫/১২/২০১১	১২/১২/২০১১	Lot: A-১৫/১২/২০১১ Lot: B -১৫/১২/২০১১ Lot: C-২২/১২/২০১১	৫.২৯.৯০.০০০/- ৪,১৯,২৩,০০০/- ৩,৬৭,৯৫,০০০/-	জুন, ২০১২ জুন, ২০১২ জুন, ২০১২	৫,২৯,৯০,০০০/- ৪,১৯,২৩,০০০/- ৩,৬৭,৯৫,০০০/-
০২	Office Equipments (Lot.A. B)	০৪/১০/২০১১	দৈনিক জনকণ্ঠ, ডেইলি ইনডিপেনডেন্ট, CPTU-এর ওয়েবসাইট	৩০/১১/২০১১ এবং ০৫/১২/২০১১	১২/১২/২০১১	১৮ ডিসেম্বর ২০১১	Lot A- ১৮,২২,৬০০/- Lot B- ১২,৪১,৫০৫/-	ফেব্রয়ারী,২০১১	Lot A- ১৮,২২,৬০০/- Lot B- ১২,৪১,৫০৫/-
০৩	Books and Journals	০৪/১০/২০১১	দৈনিক জনকণ্ঠ, ডেইলি ইনডিপেনডেন্ট, CPTU-এর ওয়েবসাইট	৩০/১১/২০১১ এবং ০৫/১২/২০১১	১২/১২/২০১১	১৫ ডিসেম্বর ২০১১	টাকা=১৪,৭১,৬৬০/-	মার্চ, ২০১২	১৪৭১৬৬০/-
০৪	Computer & Office Equipments (Lot.A, B)	১৭/১২/২০১৩	ডেইলি ইনডিপেন্ডেন্ট, ভোরের কাগজ, CPTU-এর ওয়েবসাইট	০৩/০২/২০১৪ ও ০৬/০২/২০১৪		০২/০৩/২০১৪	Lot A - ৩৪,৫৬,৩০০/- Lot B - ৭,৪৭,৮৫০/-	মে, ২০১৪	Lot A - ৩৪,৫৬,৩০০/- Lot B - ৭,৪৭,৮৫০/-
০৫	Books and Journals	১৭/১২/২০১৩	ডেইলি ইনডিপেন্ডেন্ট, ভোরের কাগজ, CPTU-এর ওয়েবসাইট	০৩/০২/২০১৪ ও ০৬/০২/২০১৪		০২/০৩/২০১৪	৩০,৯৩,৭৪০/-	জুন, ২০১৪	১৬,৯৯,৮৪০/-
০৬	Physics and Chemistry Lab Apparatus	১৭/১২/২০১৩	ডেইলি ইনডিপেন্ডেন্ট, ভোরের কাগজ, CPTU-এর ওয়েবসাইট	০৩/০২/২০১৪ ও ০৬/০২/২০১৪		০২/০৩/২০১৪	১০,৯৯,৮৬২/-	মে, ২০১৪	১০,৯৯,৮৬২/-

বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন প্রকল্প
ক্রয় সম্পর্কিত তথ্যাদি (Direct Procuring Method)

প্যাকেজ নং	প্যাকেজের নাম	দরপত্র আহবানের তারিখ	পত্রিকার নাম	TEC-এর তারিখ	মন্ত্রণালয়ের আর্থিক অনুমোদনের তারিখ	কার্যাদেশ প্রদানের তারিখ	টাকার পরিমাণ	কাজ সম্পাদনের তারিখ	পরিশোধিত মূল্য (টাকায়)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
০১	Textiles Machineries	-	-	-	২৫/০৯/২০১২	২৬/০৯/২০১২	১১,৮৭,৫৫,৯৯৫/-	মার্চ, ২০১৩	১১,৮৭,৫৫,৯৯৫/-
০২	Textiles Machineries	-	-	-	১৪/০৩/২০১৩	১৮/০৩/২০১৩	৩,৯৯,৯৭,৫৮০/-	সেপ্টেম্বর, ২০১৩	৩,৯৯,৯৭,৫৮০/-
০৩	Textiles Machineries	-	-	-	১২/০৫/২০১৪	২৭/০৫/২০১৪	১,১৬,২৯,৮৪০/-	৩০ জুন, ২০১৪	১,১৬,২৯,৮৪০/-